

বাংলাদেশে ক্রেডিট ইউনিয়নগুলোকে টেকসই উন্নত আদর্শমানে উন্নীত করার পটভূমি

১। সমস্যাসমূহ

বাংলাদেশে প্রতিষ্ঠিত অধিকাংশ ক্রেডিট ইউনিয়নের প্রধান সমস্যা বা চ্যালেঞ্জ হলো এগুলোর কার্যক্রম পরিচালনা টেকসই উন্নত আদর্শমানের নয়। আকু এবং এর সদস্য ফেডারেশন কাল্ব কর্তৃক চিহ্নিত প্রধান প্রধান সমস্যাগুলো নিম্নরূপ:

- * সকলে ক্রেডিট ইউনিয়নকে একটি সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠান হিসেবে বিবেচনা করে। আন্দোলনে সম্পৃক্ত নেতৃবৃন্দের সনাতনী ধারণা “ক্রেডিট ইউনিয়ন কার্যক্রম শুধুমাত্র দরিদ্র লোকদের মধ্যে সীমাবদ্ধ”;
- * ক্রেডিট ইউনিয়ন কার্যক্রম পরিচালনায় শক্তিশালী, সময়োপযোগী, আইনগত ও পরিচালনাগত যথোপযুক্ত পরিবেশের অভাব;
- * ক্রেডিট ইউনিয়নের আর্থিক কার্যকাল পরিচালনায় প্রফেশনাল স্টাফদের চেয়ে স্বেচ্ছাসেবীদের উপর অত্যাধিক নির্ভরশীলতা;
- * বিশ্ব অর্থবাজারে প্রবল প্রতিযোগিতা ও দ্রুত পরিবর্তিত প্রেক্ষাপট সম্পর্কে এদেশের ক্রেডিট ইউনিয়ন সংশ্লিষ্ট নেতৃবর্গের যথাযথ ধারণার অভাব;

এদেশের ক্রেডিট ইউনিয়ন আন্দোলনকে যথাযথ টেকসই উন্নত আদর্শ অবস্থানে প্রতিষ্ঠিত করা সত্যিকার অর্থেই একটি দীর্ঘ মেয়াদী প্রক্রিয়া। ক্রেডিট ইউনিয়নের আর্থিক এবং মানবসম্পদ উন্নয়নে প্রধান অন্তরায়, প্রতিবন্ধকতা নির্ণয়ের মাধ্যমে এগুলোর নিরসন করে উন্নয়নের পথে আন্দোলনকে নিয়ে যাওয়ার লক্ষ্যে আকুর সহায়তায় ২০১২-২০১৫ মেয়াদের একটি ত্রিবার্ষিক কৌশলগত পরিকল্পনা কাল্ব প্রণয়ন করেছে।

পরিকল্পনার লক্ষ্য

যথাযথ এবং প্রতিযোগিতাপূর্ণ আর্থিক সেবা নিশ্চিত করে সদস্যদের আর্থ-সামাজিক প্রয়োজন পূরণে বাংলাদেশের ক্রেডিট ইউনিয়নগুলোকে সক্ষম করা।

পরিকল্পনার উদ্দেশ্য

প্রশিক্ষণ এবং প্রয়োজনীয় কারিগরী সহায়তার মাধ্যমে বাংলাদেশের ক্রেডিট ইউনিয়নগুলোতে পেশাদারী ব্যবস্থাপনার উন্নয়ন নিশ্চিত করা।

পরিকল্পনার বিস্তারিত বর্ণনা

- * এই পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে ক্রেডিট ইউনিয়ন পরিচালনায় পেশাদারী ব্যবস্থাপনার কৌশলাদি উদ্ভাবন ও চালু করা হবে;

এই প্রক্রিয়ায় আরও থাকবে:

- * সদস্য ক্রেডিট ইউনিয়নের তথ্য সংগ্রহের মাধ্যমে প্রকৃত অবস্থা নিরূপণ;
- * প্রশিক্ষণ ম্যানুয়াল এবং প্রশিক্ষণ সামগ্রী পুনর্বিবেচনা ও পুনর্নির্ধারণ;
- * বর্তমান প্রশিক্ষণ সামগ্রী সমন্বিত ও একত্রীকরণ;
- * নতুন নতুন প্রশিক্ষণ শিক্ষাক্রম (মডিউল) প্রস্তুত, প্রশিক্ষক এবং অংশগ্রহণকারীদের জন্যে ম্যানুয়াল তৈরী;
- * প্রস্তুতকৃত প্রতিটি শিক্ষাক্রম (মডিউল) মাঠ পর্যায়ে পরীক্ষা-নিরীক্ষা পূর্বক বাস্তবায়ন;
- * এদেশের ক্রেডিট ইউনিয়নগুলোর নেতৃবৃন্দ ও ম্যানেজারদের মাধ্যমে পরিকল্পনার কার্যকারিতা বিষয়ে মতামত (ফিডব্যাক) যাচাই;
- * কাল্ব-এর চাহিদানুযায়ী বিষয়ভিত্তিক প্রশিক্ষক তৈরী করা;

এই উদ্দেশ্যে নিম্নোক্ত ছয়টি শিক্ষাক্রম (মডিউল) প্রস্তুতের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

কর্মশালা	অংশগ্রহণকারী	প্রত্যাশিত ফলাফল
ক্রেডিট ইউনিয়নের সাংগঠনিক ও কার্যপ্রণালী	বোর্ড চেয়ারম্যান ও ম্যানেজার	* সাংগঠনিক কাঠামো, ব্যবস্থাপনা ও ক্রেডিট ইউনিয়নের নীতিমালার ব্যাখ্যা ও পুনর্নির্ধারণ * বিভিন্ন পদ-পদবীর ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে জ্ঞাতকরণ
আর্থিক ব্যবস্থাপনা	ম্যানেজার এবং প্রধান কর্মীগণ	* ঋণ ব্যবস্থাপনা, খেলাপী নিয়ন্ত্রণ, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, সম্পদ ও দায় ব্যবস্থাপনা * আর্থিক ব্যবস্থাপনার কৌশলসমূহ ক্রেডিট ইউনিয়নে বাস্তবায়নের জন্যে প্রস্তুতকরণ * ক্রেডিট ইউনিয়ন পরিচালনাসূচক পর্যালোচনা (PEARLS-GOLD)
প্রোডাক্ট ও সার্ভিস	ম্যানেজার ও মার্কেটিং অফিসার	* বর্তমান প্রোডাক্ট পর্যালোচনা * প্রোডাক্টের বৈচিত্র্যকরণ এবং বর্তমান প্রোডাক্টগুলোকে নুতন ব্র্যান্ড করণ * অর্থ বাজার সম্পর্কে সব ধরনের তথ্য সংরক্ষণ * বর্তমান প্রোডাক্টগুলোর মূল্য পুনর্বিবেচনা করে নতুন মূল্য নির্ধারণ
ক্রেডিট ম্যানেজম্যান্ট	চেয়ারম্যান ও ম্যানেজার	* ঋণ নীতিমালা, ঋণের শ্রেণী বিভাজন * ঋণ আবেদন যাচাই প্রক্রিয়া, * ঋণ আদায় ও খেলাপী ঋণ নীতিমালা * ঋণ অবলোপন
মানব সম্পদ	বোর্ড সভাপতি ও ম্যানেজার	* বোর্ড সদস্য এবং কর্মীদের জন্যে মানবসম্পদ উন্নয়ন নীতিমালা গ্রহণ * মানবসম্পদ উন্নয়ন নীতিমালা ক্রেডিট ইউনিয়নে বাস্তবায়ন
কৌশলগত পরিকল্পনা	বোর্ড চেয়ারম্যান ও ম্যানেজার	ক্রেডিট ইউনিয়ন উন্নয়নে দীর্ঘমেয়াদী কৌশলগত পরিকল্পনা প্রস্তুত

বর্তমান মডিউলের আলোচ্য বিষয়:

১। ক্রেডিট ম্যানেজমেন্ট:

- * বর্তমান ঋণ নীতিমালা এবং পরিশোধ ক্ষমতা ভিত্তিক ঋণ দাওন পর্যালোচনা;
- * আবেদনকৃত ঋণের তথ্যানুসন্ধান;
- * ঋণের বৈশিষ্ট্য
- * ঋণের দলিলায়ন;
- * ঋণ বিতরণ প্রক্রিয়া;
- * ঋণ আদায় (পর্যালোচনা);
- * বর্তমান ঋণদান কার্যক্রম পর্যালোচনা ও নিয়ন্ত্রণ ব্যবস্থা;
- * ঋণের আইনগত দলিলপত্র প্রস্তুত ও সংরক্ষণ।

ঋণ নীতিমালা

উদ্দেশ্য

ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপনা, ঋণদান কমিটি ও ব্যবস্থাপনা কমিটি যেন সঠিক প্রক্রিয়ায় প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদী লক্ষ্য অর্জন, সদস্যদের আমানতের নিরাপত্তা বিধান ও সদস্যদের ঋণ চাহিদা যথাযথভাবে পূরণ করার সহায়ক নির্দেশনা পদ্ধতি অনুসরণ করতে পারে; এই উদ্দেশ্যে অত্র নীতিমালা প্রণীত হয়েছে।

১। যোগ্যতা

- ১.১ কখনো ক্রেডিট ইউনিয়ন থেকে ঋণ প্রাপ্তি একজন সদস্যের যোগ্যতা নির্ধারণে তার স্বাভাবিক অধিকার বলে বিবেচিত হবে না।
- ১.২ সদস্যরা যেন দ্রুত লাভজনক উদ্দেশ্যে ঋণ পেতে পারে সেজন্যে কখনো ক্রেডিট ইউনিয়ন সর্বদা সদস্যদের সহায়তার জন্যে সচেষ্ট থাকবে।
- ১.৩ প্রতিটি ঋণ আবেদনপত্র সম্পূর্ণ দেশের প্রচলিত সমবায় সমিতি আইন, বিধিমালা, ক্রেডিট ইউনিয়নের উপআইন এবং অত্র নীতিমালায় উল্লেখিত নীতি নির্দেশনা অনুসারে সম্পূর্ণরূপে পর্যালোচনা করে সিদ্ধান্ত নিতে হবে।
- ১.৪ কখনো ক্রেডিট ইউনিয়ন কখনো নিম্নের কারণে ঋণ আবেদনপত্র বিবেচনায় বিভেদ সৃষ্টি করবে না:
 - * বৈবাহিক অবস্থা;
 - * বংশ, সম্প্রদায়, বর্ণ, নাগরিকত্ব ও জাতিগত অবস্থান;
 - * রাজনৈতিক মতাদর্শ;
 - * ধর্ম;
 - * লিঙ্গ।

২। ঋণ আবেদন যাচাই

২.১ দলিলায়ন

অনুমোদিত ও ক্রেডিট ইউনিয়নের সরবরাহকৃত ঋণ ফরম যথাযথভাবে সম্পূর্ণ সদস্য কর্তৃক পূরণ করা হলে ঋণ আবেদনপত্র অনুমোদনের বিবেচনার জন্যে গ্রহণ করা হবে। যারা ঋণ ফরম করতে সক্ষম নয়, তাদেরকে অফিস কর্তৃক ফরম পূরণে সহযোগিতা করা হবে।

২.২ সাক্ষাৎকার

ঋণ অনুমোদনের পূর্বে সকল আবেদনকারীর সাথে যখন সম্ভব সরাসরি সাক্ষাৎ করতে হবে। সাক্ষাতের সময় আবেদনকারীকে নিয়মিত সঞ্চয় করতে উদ্বুদ্ধ করতে হবে এবং ঋণ অনুমোদনের ক্ষেত্রে সদস্যের সঞ্চয় হিসাবে জমা করার অভ্যাস গুরুত্বের সাথে বিবেচনা করা হয় এই তথ্য তাকে জানাতে হবে।

২.৩ ঋণ তথ্যানুসন্ধান

সকল ঋণ আবেদনের জন্যে তথ্যানুসন্ধান করা আবশ্যিক। শুধু আবেদনকারী সম্পর্কে নয় ঋণ জামিনদার ও সুপারিশকারীদের তথ্যাদি সম্বন্ধে তথ্যানুসন্ধান সম্পন্ন করতে হবে। (ঋণ তদন্ত নীতিমালা দেখুন)

২.৪ আয়

১৮ বছরের নীচে কোন সদস্যকে কিংবা যে সদস্য ঋণ পরিশোধের মতো পর্যাপ্ত আয় করে না এমন কোন সদস্যকে আয় করে এমন ব্যক্তির ঋণ পরিশোধের নিশ্চয়তা প্রদানের অঙ্গীকারনামা ব্যতীত ঋণ দেওয়া হবে না।

- ২.৪.১ গৃহীত ঋণের কিস্তি ও সেবামূল্য পরিশোধ করার মতো পর্যাপ্ত ধারাবাহিক আয়ের সংগতি না থাকলে ঐ সদস্যকে ঋণ প্রদান করা হবে না।
- ২.৪.২ ঋণ আবেদনপত্রে উল্লেখিত আয়ের বিবরণী যাচাই করা হবে।
- ২.৪.৩ আয় উপার্জন মৌসুমী হলে প্রত্যাশিত আয়, ঋণের মেয়াদে মাসিক ব্যয়ের সমতুল্য বা অধিক হতে হবে। (প্রমাণক সংযুক্ত করতে হবে)
- ২.৪.৪ যখন একজন সদস্য স্বকর্মে নিয়োজিত বা মৌসুমী আয় করেন, সদস্যের আয়ের সত্যতার প্রমাণক সদস্যের ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে।

২.৫ ঋণ পরিশোধের মেয়াদ

সাধারণতঃ নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসারে ঋণ পরিশোধের মেয়াদ নির্ধারিত হবে। তবে বিশেষ ক্ষেত্রে কোন সদস্যের আবেদনের ভিত্তিতে ঋণ মেয়াদ বৃদ্ধি কিংবা কোন কিস্তি পরিশোধে সাময়িক অব্যাহতি ব্যবস্থাপনা কমিটি ঋণ আদায় ও খেলাপী নিয়ন্ত্রণ নীতিমালা অনুসারে অনুমোদন দিতে পারবে।

- ২.৫.১ জামানত বিহীন ঋণ
জামানত বিহীন ঋণ পরিশোধের সর্বোচ্চ মেয়াদ ----১২----- মাস।
- ২.৫.২ পুরাতন ব্যবহৃত অস্থাবর সম্পদের জামানত সম্পন্ন ঋণ
পুরাতন, ব্যবহৃত অস্থাবর সম্পত্তির জামানতে প্রদত্ত ঋণ পরিশোধের মেয়াদ যদি জামানত বিহীন ঋণের পরিমাণের অধিক দেওয়া হয় তাহলে পরিশোধের মেয়াদ হবে সর্বোচ্চ---১২--- মাস।
- ২.৫.৩ নতুন ব্যবহৃত অস্থাবর সম্পদের জামানত সম্পন্ন ঋণ
নতুন, ব্যবহৃত অস্থাবর সম্পত্তির জামানতে প্রদত্ত ঋণ পরিশোধের মেয়াদ হবে সর্বোচ্চ-
--৩৬--- মাস।
- ২.৫.৪ রেজিস্টার্ড মর্টগেজ ঋণ
রেজিস্টার্ড মর্টগেজ ঋণ পরিশোধের সর্বোচ্চ মেয়াদ হবে --৬০--- মাস।
রেজিস্টার্ড মর্টগেজ ঋণ পরিশোধের মেয়াদ সর্বোচ্চ ---৬০--- মাস হবে। তবে কোন ধরনের অনিবার্য কারণ দৃষ্ট হলে ঋণের মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। সর্বোচ্চ ১২ মাস সময়সীমা বৃদ্ধি করা যাবে।

২.৫.৫ অস্থাবর বা রেজিস্টার্ড মর্টগেজ ব্যতীত অন্যান্য ঋণ
অস্থাবর সম্পত্তি বা রেজিস্টার্ড মর্টগেজ ঋণ ব্যতীত অন্যান্য ঋণ পরিশোধের মেয়াদ
হবে সর্বোচ্চ --১২--- মাস।

২.৫.৬ সাধারণ নির্দেশনা

বিভিন্ন ধরনের কৃষি ঋণের মেয়াদকালের চিত্র নিম্নরূপ হতে পারে:

১।	পল্ট্রি : ব্রয়লার	-----	৯০ দিন
২।	পল্ট্রি : হাঁস পালন	-----	১৮০ দিন
৩।	মাছ চাষ	-----	১২০ দিন
৪।	গবাদি পশু : খরগোশ	-----	১৮০ দিন
৫।	গবাদি পশু : ছাগল	-----	২১০ দিন
৬।	পল্ট্রি : হাঁসের ডিম উৎপাদন-----		২৭০ দিন
৭।	পল্ট্রি : মুরগীর ডিম উৎপাদন-----		৩৬৫ দিন
৮।	গবাদি পশু : গরু মোটা-তাজাকরণ--		৩৬৫ দিন
৯।	শুক্র পালন	-----	৩৬৫ দিন
১০।	সাধারণ কৃষি ঋণ	-----	ফসল ঘরে আসা পর্যন্ত

বিভিন্ন সরঞ্জামাদি বা গৃহ নির্মাণ, মেরামত ঋণের মেয়াদকাল:

১।	বিভিন্ন গৃহ সামগ্রী	-----	৩৬৫ দিন
২।	গৃহ নির্মাণ বা মেরামত	-----	সর্বাধিক ২ বছর

যেকোন বাণিজ্যিক খাতের ঋণের ক্ষেত্রে ঋণ পরিশোধের কিস্তি নির্ধারণে ব্যবসায়ের টার্নওভার, ব্যবসার নগদ অর্থ বিবরণী, প্রাপ্তি রেকর্ড এবং ব্যবসায়ের আয়কালকে বিবেচনা করতে হবে। কারণ একজন ব্যবসায়ীর আয় হাতে আসার সময় ব্যতীত ঋণ পরিশোধের কিস্তি নির্ধারিত হলে উক্ত ঋণ গ্রহীতা ব্যবসায়ীর ঋণের কিস্তি পরিশোধ সম্ভব হবে না। কোন ধরনের ভূ-সম্পদ বা ব্যবহারিক দ্রব্যাদি যেমন- মটরযান ক্রয়ের ঋণ বিবেচনাকালে ঋণ বিনিয়োগে অর্জিত মটরযান বা অন্যান্য দ্রব্যাদির ব্যবহারযোগ্য কাল ও প্রয়োজনীয়তার গুরুত্ব এবং ভূ-সম্পদের ক্ষেত্রে ভূ-সম্পদের জন্য প্রদত্ত ঋণ দীর্ঘ মেয়াদের হওয়ায় ঋণ বিনিয়োগের সময়কালের মুদ্রাস্ফীতির বিষয়টি বিশেষ বিবেচনায় রেখেই ঋণের মূল্য নির্ধারণ করতে হবে। এধরনের সম্পদ জামানত গ্রহণ কালেও দ্রব্যাদির ব্যবহারযোগ্য কালকে বিবেচনা করতে হবে।

২.৬ স্থগিত বা বাতিল ঋণ

২.৬.১ পূর্ব ঋণ পরিশোধে খেলাপী কিংবা পূর্ব ঋণ পরিশোধে অনিয়মিত ছিল কিন্তু পরবর্তিতে ঋণ পরিশোধে তার আন্তরিকতা, ঋণ গ্রহীতার বাস্তব আর্থিক অবস্থা আবেদিত ঋণ পরিশোধে যথেষ্ট নির্ভরযোগ্যতার প্রমাণ পাওয়া না গেলে, সন্তোষজনক গ্যারান্টি, গ্রহণযোগ্য জামানত দেওয়া না হলে ঐ সদস্যের ঋণ অনুমোদন করা হবে না।

২.৬.২ কোন তথ্যের অধিকতর যাচাই প্রয়োজন হলে ঐ ঋণ আবেদনপত্র বিবেচনা জন্যে স্থগিত করা যাবে।

২.৬.৩ ব্যবস্থাপনা কমিটি তাদের পরবর্তী সভায় ঋণদান কমিটি কর্তৃক স্থগিতকৃত ঋণ আবেদনপত্রগুলো পর্যালোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত নিবেন।

৩। ঋণ অনুমোদন ক্ষমতা অর্পন

৩.১ ব্যবস্থাপনা কমিটি, বিভিন্ন উপকমিটি ও কর্মীদের ঋণ আবেদন

৩.১.১ ব্যবস্থাপনা কমিটি ও বিভিন্ন উপকমিটির সদস্য এবং তাদের নিকট আত্মীয়ের ঋণ

ব্যবস্থাপনা কমিটি, বিভিন্ন উপকমিটি ও কর্মীদের এবং তাদের নিকট আত্মীয়ের ঋণ আবেদন অনুমোদনের ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থিত দুই তৃতীয়াংশ সদস্যের সমর্থনে অবশ্যই অনুমোদিত হতে হবে এবং আবেদনকারী একজন ব্যবস্থাপনা কমিটির সদস্য কিংবা কোন আবেদনকারীর সাথে সম্পর্কযুক্ত হলে তিনি ঐ আবেদন অনুমোদনের জন্যে ভোট দিতে পারবেন না।

৩.১.২ সকল কর্মী ও তাদের নিকট আত্মীয়ের ঋণ অর্থ পরিশোধের পূর্বে অবশ্যই ব্যবস্থাপনা কমিটির অনুমোদন আবশ্যিক।

৩.২ ক্ষমতা অর্পন

৩.২.১ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ক্ষমতা প্রাপ্ত হয়ে ক্রেডিট ইউনিয়ন উপ-আইন, সমবায় সমিতি আইন ও বিধিমালার আলোকে অনুমোদন দিতে হবে।

৩.২.২ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিম্নরূপ ঋণ অনুমোদনের ক্ষমতা অর্পন করা হবে:

ঋণদান কমিটি- ঋণ অনুমোদনের ক্ষমতা ----- টাকা
ম্যানেজার ঋণ অনুমোদনের ক্ষমতা ----- টাকা
লোন ম্যানেজার- ঋণ অনুমোদনের ক্ষমতা ----- টাকা
লোন অফিসার- ঋণ অনুমোদনের ক্ষমতা ----- টাকা

৩.২.৩ ঋণ আবেদন যদি নীতিমালার পরিপন্থী হয় তাহলে ঐ আবেদন ঋণ বিভাগের সুপারিশসহ ব্যবস্থাপনা কমিটির কাছে পেশ করতে হবে। নীতিমালা অনুসারে ঋণ অনুমোদন দেওয়া যায় না এমন আবেদনগুলো ব্যবস্থাপনা কমিটির বিবেচনার জন্যে পেশ করতে হবে। যে সকল ঋণ আবেদন বাতিল করা হয়েছে, ঐ সব আবেদন ব্যবস্থাপনা কমিটি তাদের পরবর্তী সভায় পর্যালোচনা করে সিদ্ধান্ত দিবেন।

৪। ঋণের সর্বোচ্চ সীমা

৪.১ যে সকল ঋণ জামানত বিহীন প্রদান করা হবে তার সর্বোচ্চ পরিমাণ হবে----- টাকা।

৪.২ সাধারণ বিধানবলী

জামানত বিহীন ঋণ অনুমোদনের পূর্বে যেসকল বিধি-বিধান ও শর্তাবলী বিবেচনা করতে হবে তা নিম্নরূপ:

৪.২.১ পেশাগত যোগ্যতা

আবেদনকারী চাকুরীর বয়স কমপক্ষে তিন বছর হতে হবে। বর্তমান প্রতিষ্ঠানে কবে থেকে নিযুক্ত হয়েছে, পূর্বে অন্যকোন প্রতিষ্ঠানে কাজ করে থাকলে কখন যোগদান করেছে এবং কখন চাকুরী থেকে অব্যাহতি নিয়েছে, সমুদয় তথ্যাবলী সংযুক্ত করতে হবে এবং এই তথ্য যথাযথভাবে যাচাই করে দেখতে হবে।

৪.২.২ আবাসন অবস্থা

ঋণ আবেদনকারী বিগত তিন বছরে দুইবারের অধিক বাসা পরিবর্তন করেছে, তবে বর্তমান গৃহ বা বাড়ী যদি তার নিজস্ব না হয় তাকে জামানত বিহীন ঋণ দেওয়া যাবে না।

৪.২.৩ অস্থায়ী আবাসস্থল

ঋণ আবেদনকারীর আবাসস্থল যদি অস্থায়ী, সাময়িক হয়, তাহলে তাকে জামানত বিহীন ঋণ দেওয়া যাবে না।

৪.৩.৪ সুপারিশ

কোন দায়িত্বশীল ব্যক্তি বিশেষের সুপারিশ ব্যতীত জামানত বিহীন ঋণ অনুমোদন করা হবে না।

৪.৩.৫ ঋণের উদ্দেশ্য

সাধারণতঃ মটরযান ক্রয় বা মেরামত, ফ্ল্যাট বা বকেয়া ভাড়া পরিশোধ, দস্ত সুদ পরিশোধ, পূর্বের ঋণ পরিশোধ, বিনোদন ভ্রমণ, নিজস্ব বা যৌথ কারবার চালু প্রভৃতি উদ্দেশ্যে ঋণ প্রদান করা হবে, তবে যখনই ঋণ অনুমোদন করা হবে তখন পরিমাণ যাহোক ঋণ আদায়ের যথেষ্ট নিশ্চয়তা সাপেক্ষে ঋণ অর্থ পরিশোধ করা হবে।

৫। জামানত বিপরীতে ঋণ

৫.১ ঋণের সর্বোচ্চ সীমা

স্থাবর সম্পত্তির মর্টগেজ সংরক্ষণের বিপরীতে প্রদত্ত ঋণের সর্বোচ্চ পরিমাণ-----টাকা, এবং অন্যান্য প্রক্রিয়ায় জামানতের বিপরীতে প্রদত্ত ঋণের সর্বোচ্চ সীমা ----- টাকা।

৫.২ সাধারণ শর্তাবলী

৫.২.১ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সমবায় সমিতি আইন, বিধিমালা ও উপআইনের নির্দেশনা অনুসারে নির্ধারণ করা জামানত গ্রহণ করা হবে।

৫.২.২ সকল জামানত রেজিস্ট্রি করতে হবে।

৫.২.৩ ঋণ কেবলমাত্র জামানত নিরাপত্তা নির্ভর করে প্রদান করা হবে না।

৫.২.৪ ২.৫ নং ক্রমিকে সাধারণ নীতিমালায় বর্ণিত বিধান সকল ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৫.৩ বীমা

ক্রেডিট ইউনিয়নের স্বার্থে সকল জামানত যোগ্যদের জন্যে বীমা সুবিধা পাওয়া যায় তার বীমার আওতাভুক্ত করতে হবে।

৫.৪ জামানতের মূল্যমান নির্ধারণ

প্রদত্ত জামানতের মূল্যমানের বিপরীতে নিম্নে উল্লেখিত সীমার অধিক ক্রেডিট ইউনিয়ন থেকে ঋণ প্রদান করা হবে না। (জামানতের বিপরীতে অত্র ঋণ এবং অন্যান্য ঋণ অন্তর্ভুক্ত করা হলে সমুদয় ঋণ বিবেচনায় নিতে হবে)

৫.৪.১ স্থাবর সম্পত্তি

সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যের ৭৫% ঋণ দেওয়া যাবে।

৫.৪.২ মটরযান

মটরযান, মটর সাইকেলের বর্তমান বাজার মূল্যের ৬০% ঋণ দেওয়া যাবে। জামানত গ্রহণের পূর্বে যানবাহনটির বৈধ মালিকানা ও রেজিস্ট্রেশন যাচাই করে নিতে হবে।

৫.৪.৩ বীমা পলিসি

বীমা কোম্পানী কর্তৃক প্রদত্ত পলিসির বিপরীতে প্রাপ্য অর্থের নিশ্চয়তা সার্টিফিকেট অনুযায়ী ৯০% ঋণ দেওয়া যাবে।

৫.৪.৪ মটরযান, মটর সাইকেল ব্যতীত অন্যান্য অস্থাবর সম্পত্তি

মটরযান, মটর সাইকেল ব্যতীত অন্যান্য অস্থাবর সম্পত্তির সর্বশেষ আনুমানিক মূল্যের ২৫% ঋণ দেওয়া যাবে।

৫.৫ জামানতে চুক্তিপত্র দলিলায়নের প্রস্তুতি

সকল প্রকার স্থাবর অস্থাবর জামানতের রেজিস্ট্রি চুক্তিনামা ৩০ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।

৬। জামানত

ঋণ আবেদনকারী ঋণের বিপরীতে তার যেসকল স্থাবর বা অস্থাবর দ্রব্যাদি বা সম্পদ জামানত প্রদানের প্রস্তাব করেছে; সেই সব দ্রব্যাদি বা সম্পদের অবস্থান, মূল্যমান ও গ্রহণযোগ্যতা পর্যালোচনা করতে হবে। কোন তৃতীয় পক্ষও যদি আবেদিত ঋণের জন্য এধরনের দ্রব্যাদি বা সম্পদ জামানতের প্রস্তাব করে তবে সেসবের অবস্থান, মূল্যমান ও গ্রহণযোগ্যতা যাচাই করতে হবে। সকল ঋণ ন্যূনতম শেয়ার ও সঞ্চয় দ্বারা জামানতকৃত হওয়া বাঞ্ছনীয়। ঋণের জন্য নিম্নবর্ণিত সম্পদ জামানত বা সহযোগী জামানত হিসেবে গ্রহণ করা যেতে পারে:

৬.১ ভূ-সম্পদ জামানত

ঋণের জামানত হিসেবে প্রস্তাবকৃত ভূ-সম্পত্তি সতর্কতার সঙ্গে পর্যালোচনা ও মূল্যায়ন করতে হবে। এধরনের ভূ-সম্পদের মূল্যমানের সর্বোচ্চ ৭৫% ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে নিম্ন বর্ণিত দলিল-পত্র আবেদনের সাথে জমা করতে হবে:

- * জমির মালিকানা স্বত্ব (সম্পদ প্রাপ্তির মূল দলিল, ট্যাক্স পরিশোধের সনদ, পরচা প্রভৃতি);
- * নিবন্ধন কর্তৃপক্ষের নিকট হতে সংশ্লিষ্ট অন্যত্র বন্ধক না থাকার প্রামাণ্য সনদ;
- * চলতি রাজস্ব ট্যাক্স পরিশোধের রসিদ অথবা ট্যাক্স বাকী না থাকার সনদ;
- * সংশ্লিষ্ট জমি স্ট্যাম্প রেজিস্ট্রিকৃত বন্ধকদানের দলিল, পৌরকর পরিশোধের সনদ;
- * জমির মূল্যায়ন প্রতিবেদন (নির্ধারিত অনুমোদিত কর্তৃপক্ষের নিকট হতে);
- * মৌজার নকশা;
- * দালান-কোঠার অনুমোদিত প্ল্যান;
- * বীমা
- * ভূ-সম্পদ বন্ধকী দলিল-পত্র।

৬.২ ব্যক্তিগত অস্থাবর সম্পত্তি

স্থানান্তরযোগ্য সম্পদ, সরঞ্জামাদি, ষ্টক মালামাল, অলংকার বা জুয়েলারী, মটরযান প্রভৃতি জামানত হিসেবে গ্রহণ করা যেতে পারে। এধরনের জামানতের মূল্যমানের সর্বোচ্চ ৫০%

ঋণ মূল্যায়ন করাই শ্রেয়। অস্থাবর সম্পত্তি বন্ধক ৩ (তিন) বছরের বেশি হওয়া ঠিক নয় এবং এধরনের অস্থাবর সম্পদের বন্ধকের জন্য যেসকল দলিলপত্রের প্রয়োজন হবে:

- * মালিকানার সনদ;
- * মালিকানার সরকারী দালিলিক প্রমাণপত্র;
- * ক্রয় দলিল রসিদ; এবং
- * জামানত প্রদানকৃত সরঞ্জাম, মেশিন বা ষ্টক মালামালের বর্তমান মূল্য উল্লেখিত বিস্তারিত তালিকা।

৬.৩ ব্যাংক বা ক্রেডিট ইউনিয়ন কর্তৃক অনুমোদিত ও স্বীকৃত ঋণ প্রার্থীর ব্যাংক বা ক্রেডিট ইউনিয়নের অর্থলগ্নীর সনদ নগদায়নের ক্ষমতায়ুক্ত রেজিস্টার্ড চুক্তিপত্র;

৬.৪. ক্রেডিট ইউনিয়নে গচ্ছিত শেয়ার, সঞ্চয় বা আমানত কেটে নেবার ক্ষমতায়ুক্ত অঙ্গীকারপত্র;

৬.৫ বন্ধককৃত ব্যক্তিগত অস্থাবর সম্পত্তি ক্রেডিট ইউনিয়নের দায়িত্বে ব্যবহার, স্থানান্তর, বিক্রয়যোগ্য থাকবে এই মর্মে ঘোষণাপত্র;

৬.৬ ঋণ প্রার্থী সদস্য বা জামিনদার ক্রেডিট ইউনিয়নকে তার মাসিক বেতন হতে ঋণের কিস্তি ও সুদ বা অন্যান্য পাওনা আদায়ের নিয়োগকর্তার ক্ষমতাদান;

৬.৭। ঋণ আবেদনকারী এককভাবে এবং জামিনদারসহ যৌথভাবে ঋণ পরিশোধে দায়বদ্ধ। ঋণ আবেদন গ্রহণের পূর্বে ঋণ আবেদনকারী ও জামিনদারের ঋণ পরিশোধের ক্ষমতা বিষয়ে নিশ্চিত হতে হবে। একজন সদস্য এধরনের ঋণের ক্ষেত্রে একই সময়ে সর্বোচ্চ ২টি ঋণের জামিন হতে পারবে। সকল ঋণের ক্ষেত্রে নিম্ন বর্ণিত দলিলপত্র প্রয়োজন হবে;

- * বন্ধকী সম্পদের বিক্রয় ক্ষমতা প্রদানের অঙ্গীকার ঘোষণাপত্র;
- * প্রমিসারী নোট;
- * ঋণ আবেদনপত্রে জামিনদারের স্বাক্ষর।

৬.৮ সকল ঋণের জন্য নিশ্চয়তা প্রদানকারী সদস্যের জামিন স্বাক্ষরসহ আবেদনকারী ও জামিনদারের ঋণ আবেদনপত্র ও প্রমিসারী নোটে উভয়ের স্বাক্ষর থাকতে হবে। ঋণটি সঞ্চয়, আমানত, মেয়াদী আমানত বা শেয়ার দ্বারা সম্পূর্ণরূপে জামিনকৃত না হলে, এই স্বাক্ষরদান ঋণ কর্মকর্তা বা নোটারী পাবলিকের সম্মুখে স্বাক্ষরিত হওয়া বাধ্যনীয়।

৬.৯ সাধারণভাবে নিজস্ব বা তৃতীয় পক্ষের জামানতকৃত সম্পদের মালিকানার সনদ ও ট্যাক্স পরিশোধ বিষয়ক হলফনামা ব্যতীত ভূ-সম্পদ ঋণের জামানত হিসেবে গ্রহণযোগ্য হবে না। তবে ঋণ প্রদানে জামানতই একমাত্র বিবেচ্য বিষয় নয়। কারণ শুধুমাত্র জামানতই ঋণ খেলাপীর ঝুঁকি হ্রাস করে না। মনে রাখতে হবে জামানত ঋণ আদায়ের ন্যূনতম ঝুঁকি মুক্ত করলেও সদস্যের ঋণ পরিশোধের ক্ষমতাই ঋণ পরিশোধের সর্বশ্রেষ্ঠ নিরাপত্তা।

৭। সেবামূল্যের হার

ঋণের সেবামূল্য ব্যবস্থাপনা কমিটি আর্থিক বাজার পরিস্থিতি এবং অপরাপর আর্থিক প্রতিষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে সময় সময় পুনর্নির্ধারণ করবে।

৮।

অর্থায়ন

৮.১ সাধারণ নিয়ম

৮.১.১ দলিলায়ন

অনুমোদিত চুক্তিপত্র সম্পাদন ও জামানত রেজিস্ট্রি সম্পন্ন হলেই কেবল ঋণ অর্থ পরিশোধ করা যাবে।

৮.১.২ ঋণ অনুমোদনের কার্যকারিতা সময়কাল

সদস্য কর্তৃক ঋণ গ্রহণের সময় প্রলম্বিত করার যুক্তি সংগত কারণ উল্লেখ পূর্বক আবেদন না করলে সকল অনুমোদিত ঋণ একমাস বহাল থাকবে। তবে অনুমোদিত ঋণ কোন কারণেই তিন মাসের অধিক বিলম্বিত করা হবে না।

৮.২ ঋণ সংক্রান্ত ব্যয়

ঋণ আবেদন, অনুমোদন চুক্তিনামা প্রস্তুত, রেজিস্ট্রেশন সংক্রান্ত সকল ব্যয় ঋণ আবেদনকারী সদস্যকে বহন করতে হবে। যদি সদস্য আবেদন করে এবং ব্যবস্থাপনা কমিটি অনুমোদন করে তাহলে ঋণ আবেদন, মঞ্জুর ও পরিশোধে ক্ষেত্রে সংঘটিত ব্যয় অর্থ অনুমোদিত ঋণ অর্থ হতে সমন্বয় করা যেতে পারে।

৮.৩ অর্থ প্রবাহ

ম্যানেজার দৈনিক অর্থ প্রবাহ বিবরণী প্রস্তুত করবে এবং কঠোরভাবে অনুমোদিত ঋণ অর্থ পরিশোধের অর্থের প্রাপ্যতা তদারক করে ঋণ অর্থ সহজ ও দ্রুততর সময়ে পরিশোধ নিশ্চিত করবে। যদি অর্থ প্রবাহে ঘাটতি থাকে তাহলে ম্যানেজার যাদের প্রয়োজন জরুরী তাদেরকে কিংবা ঋণ আবেদনের তারিখ অনুযায়ী অর্থ পরিশোধের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবে।

৯। সাধারণ নিয়ম

৯.১ দীর্ঘ মেয়াদী ঋণের পরিমাণ

সময় সময় পরিবর্তনযোগ্য ব্যবস্থাপনা কমিটির প্রণীত নীতিমালা অনুযায়ী দীর্ঘমেয়াদী ঋণের (৬০ মাস বা ততোধিক মাসে পরিশোধযোগ্য) পরিমাণ ক্রেডিট ইউনিয়নের প্রাপ্য মোট ঋণের ৩০% বেশী হবে না।

৯.২ রিপোর্টিং

ম্যানেজার প্রতিমাসে ব্যবস্থাপনা কমিটির সভায় নিম্নের তথ্যাদি সরবরাহ করবে:

- কয়টি ঋণের বিপরীতে কত টাকা পরিশোধ করা হয়েছে,
- কয়টি ঋণ এবং কত টাকা এইমাসে অনুমোদিত হয়েছে,
- কয়টি ঋণ এবং কত টাকা এখনও পরিশোধের অপেক্ষা রয়েছে,
- একমাসের অধিক ঋণ অর্থ গ্রহণ করেনি কয়টি ঋণ এবং পরিমাণ কত;
- ঋণ আবেদন কয়টি এবং টাকার পরিমাণ অনুমোদনের বিবেচনায় রয়েছে;
- কয়টি ঋণ আবেদন এবং টাকার পরিমাণ যা চলতি মাসে বাতিল হয়েছে;

৯.৩ ঋণ ব্যবস্থাপনা ও তদারকীর দায়িত্ব ও নিয়ম পদ্ধতি

৯.৩.১ ব্যবস্থাপনা কমিটি

- ক) সদস্যদের ঋণ কার্যক্রম সম্পর্কে স্বচ্ছ পরিষ্কার ধারণা নিশ্চিত করা এবং সদস্যদের ইতিবাচক বা নেতিবাচক উভয় ধরনের প্রতিক্রিয়া সম্পর্কে সজাগ সচেতন থাকা।
- খ) ক্রেডিট ইউনিয়নের ঋণ কার্যক্রমের ফলে সৃষ্ট ঝুঁকি বা ভবিষ্যতে সম্ভাব্য ঝুঁকি মূল্যায়ন করে তা হ্রাসে যথাযথ ব্যবস্থা গ্রহণ;
- গ) ঋণ নীতিমালার পুনর্মূল্যায়ন, অনুমোদন এবং যথার্থ সংশোধন করা যেন ঋণ নিরাপত্তা নিশ্চিত হয় একই সাথে সুষ্ঠু ঋণ ব্যবস্থাপনা কার্যকর হয়।

৯.৩.২

ঋণদান কমিটি

- ক) বর্তমান ঋণের ঝুঁকি নির্ণয়ে কর্মীদের সহায়তা করা এবং উদ্ভূত ঝুঁকি সম্পর্কে ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করা;
- খ) আবেদনকারীদের ঋণ আবেদনপত্র সম্পূর্ণ তথ্যভিত্তিক পূরণ নিশ্চিত করা, যথার্থ তদন্ত সম্পন্ন করা এবং যাচাই-বাছাইয়ের মাধ্যমে ভবিষ্যৎ ঋণ ঝুঁকি হ্রাসে সহায়তা করা;

৯.৩.৩

লোন অফিসার

- ক) ঋণ আবেদনপত্র ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রণীত নীতিমালা ও শর্তাবলীর আলোকে যাচাই বাছাই করা;
- খ) প্রতিটি ঋণের যথাসময়ে তাগাদা প্রদান ও সর্বশেষ পরিস্থিতি পর্যালোচনা করা;
- গ) ঋণ আবেদন সম্পর্কে তদন্ত সম্পন্ন পূর্বক মূল্যায়ন তথ্যাদি দিয়ে অফিস কর্তৃক পূরণীয় কলাম সম্পূর্ণরূপে পূরণ করা। ঋণ অনুমোদন কর্তৃপক্ষের কাছে ঋণ অনুমোদন সুপারিশ করা অথবা তার ক্ষমতার আওতায় হলে ঋণ অনুমোদন করা;
- ঘ) যথা সময়ে ঋণ পরিশোধের তাগাদা বা মামলা দায়ের করা।

৯.৩.৪

জেনারেল ম্যানেজার

- ক) ঋণ নীতিমালা কার্যকর করতে যথাযথ পরিচালনা প্রক্রিয়া নির্ধারণ করা,
- খ) প্রয়োজনীয় রিপোর্ট প্রণয়ন নিশ্চিত করা এবং ব্যবস্থাপনা কমিটির কাছে পেশ করা;
- গ) অভ্যন্তরীণ ঋণ কার্য প্রক্রিয়া পর্যালোচনা করে যথাযথ নিয়ন্ত্রণ কার্যকর করা।

ঋণের বৈশিষ্ট্য

উদ্দেশ্য

ক্রেডিট ইউনিয়নের ঋণ মূল্যায়নে কখনো ক্রেডিট ইউনিয়ন ম্যানেজমেন্টকে যথাযথ দিক-নির্দেশনা প্রদানের জন্য এই নীতিমালা প্রণয়নের উদ্দেশ্য।

১। ঋণ পরিশোধের শর্তাবলী ও পদ্ধতি

- ১.১ ক্রেডিট ইউনিয়নের ঋণ পরিশোধের মেয়াদ নির্ধারণে যেসকল বিষয় বিবেচনার প্রয়োজন সেগুলো হলো, জামানতের জন্য প্রদেয় সম্পদের স্থায়িত্বকাল বা কৃষিজাত পণ্য বা ফসলের আহরণ সময় বা ঋণগ্রহীতার বেতন-ভাতা প্রাপ্তির সময়কাল (যে ঋণের জন্য যা প্রযোজ্য)।
- ১.২ ক্রেডিট ইউনিয়নের পক্ষ থেকে বিভিন্ন ধরনের ঋণ পরিশোধের সর্বোচ্চ মেয়াদ বিশেষত ভিন্ন ভিন্ন কৃষি পণ্য ঋণের জন্য মেয়াদ নির্দিষ্ট করা হবে।
- ১.৩ ক্রেডিট ইউনিয়ন ঋণ গ্রহীতাকে ঋণ বিতরণকালে ঋণ পরিশোধের জন্য নির্ধারিত ছকে তার সম্মতিতে একটি ঋণ পরিশোধের কিস্তি তালিকা প্রদান করবে।
- ১.৪ ঋণ পরিশোধের পদ্ধতি দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, ষাম্মাসিক বা বার্ষিক হতে পারে। তবে কিস্তি নির্ধারণের এই সময়কাল ঋণ বিনিয়োগের মাধ্যমে উৎপাদিত পণ্যের সংগ্রহকাল ভিত্তিক হওয়া বাঞ্ছনীয়। আংশিক ঋণ পরিশোধের চেয়ে ঋণ গ্রহীতা সদস্যের আয় অর্জনের সময়কালে ঋণ পরিশোধের জন্য অগ্রাধিকার বা সুযোগ থাকবে। তবে কোন ঋণের ক্ষেত্রে অনির্ধারিত সময়ে আংশিক ঋণ পরিশোধের প্রেক্ষিতে ঋণ পরিশোধের সময়কাল পূর্ণ হওয়া পর্যন্ত নিয়মিত হারে মাসিক সুদ (সেবামূল্য) পরিশোধ বাধ্যতামূলক। কখনো কোন ঋণ গ্রহীতা ঋণ পরিশোধে আংশিক কিস্তি পরিশোধ করতে চাইলে তা গ্রহণ করা হবে।
- ১.৫ ঋণ আসল ও সেবামূল্য নগদ অথবা চেক মারফত গ্রহণ করা যাবে। পূর্বানুমতি সাপেক্ষে ক্রেডিট ইউনিয়নের সঞ্চয়ী হিসাব হতে বা কোন ব্যাংক এর সঞ্চয়ী হিসাব হতে নিয়মিত স্থানান্তরের মাধ্যমেও ঋণ পরিশোধ করা যাবে।
- ১.৬ ঋণ পরিশোধকালে নিম্নলিখিত খাতে আদায় করতে হবে:
 - * ঋণের আসলের কিস্তি;
 - * ঋণের সেবামূল্য (সুদ);
 - * জরিমানা বা শাস্তিমূলক পাওনাদি;
 - * ইস্যুরেস, ট্যাক্স; এবং
 - * ঋণ আবেদনকালে পর্যালোচনা ও ঋণ ফরম ফি ইত্যাদি।

বিভিন্ন ধরনের কৃষি ঋণের মেয়াদকালের চিত্র নিম্ন রূপ হবে:

১।	পল্লি: ব্রয়লার	-----	৯০ দিন
২।	পল্লি: হাঁস পালন	-----	১৮০ দিন
৩।	মাছ চাষ	-----	১২০ দিন
৪।	গবাদি পশু: খরগোশ	-----	১৮০ দিন
৫।	গবাদি পশু: ছাগল	-----	২১০ দিন
৬।	পল্লি: হাঁসের ডিম উৎপাদন	-----	২৭০ দিন
৭।	পল্লি: মুরগীর ডিম উৎপাদন	-----	৩৬৫ দিন
৮।	গবাদি পশু: গরু মোটাতাজাকরণ	-----	৩৬৫ দিন
৯।	শুক্র পালন	-----	৩৬৫ দিন
১০।	সাধারণ কৃষি ঋণ	-----	ফসল ঘরে আসা পর্যন্ত

বিভিন্ন সরঞ্জামাদি বা গৃহ নির্মাণ, মেরামত ঋণের মেয়াদকাল:

১।	বিভিন্ন গৃহ সামগ্রী	-----	৩৬৫ দিন
২।	গৃহ নির্মাণ, মেরামত	-----	সর্বাধিক ২ বৎসর

যেকোন বাণিজ্যিক খাতের ঋণের ক্ষেত্রে ঋণ পরিশোধের কিস্তি নির্ধারণে ব্যবসায়ের টার্নওভার, ব্যবসার নগদ অর্থ প্রবাহ রেকর্ড এবং ব্যবসায়ের আয়কালকে বিবেচনা করা হবে। কারণ, একজন ব্যবসায়ীর ঋণ পরিশোধ হাতে আয় অর্থ না আসা পর্যন্ত সম্ভব হবে না। কোন ধরনের ভূ-সম্পদ বা ব্যবহারিক দ্রব্যাদি যেমন- মটরযান ক্রয়ের ঋণ বিবেচনাকালে ঋণ বিনিয়োগে অর্জিত মটরযান বা অন্যান্য দ্রব্যাদির ব্যবহারযোগ্য কাল ও প্রয়োজনীয়তার গুরুত্ব এবং ভূ-সম্পদের ক্ষেত্রে ভূ-সম্পদের জন্য প্রদত্ত ঋণ দীর্ঘ মেয়াদের হওয়ায় ঋণ বিনিয়োগের সময়কালের মূদ্রাস্ফীতির বিষয়টি বিশেষ বিবেচনায় রেখেই ঋণের মূল্য নির্ধারণ করা হবে। এধরনের সম্পদ জামানত গ্রহণ কালেও দ্রব্যাদির ব্যবহারযোগ্য কালকে বিবেচনা করতে হবে।

২। গ্রহণযোগ্য ঋণ পরিশোধ পদ্ধতি

২.১ ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে নগদ বাংলাদেশী টাকায় অথবা ----- বৈদেশিক মুদ্রায় ঋণ বা ঋণের কিস্তি গ্রহণ করা যাবে। তবে বৈদেশিক মুদ্রার জন্য স্থানীয় সাধারণ বাণিজ্যিক ব্যাংকের সর্বনিম্ন দরে সেই বৈদেশিক মুদ্রা ক্রয় করা যাবে। এধরনের ক্ষেত্রে ভূয়া বা জালিয়াতী ধরনের আদান-প্রদান বন্ধ বা প্রতিরোধে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

২.২ চেকের মাধ্যমে ঋণ পরিশোধ

২.২.১ ঋণ গ্রহীতার ঋণ পরিশোধে ব্যাংক চেকের মাধ্যমে ঋণের কিস্তি আদায় করা যাবে। তবে সেই চেক সেই ব্যক্তির নিজস্ব হিসাবের এবং চলতি সময়ের হতে হবে। অন্য কারো নামের চেক গ্রহণযোগ্য হবে না। যেকোন ধরনের চেক মারফত ঋণ পরিশোধ করা হলে চেকের অর্থ কখন

ক্রেডিট ইউনিয়নের ব্যাংক হিসাবে জমা না হলে ঋণ অর্থ পরিশোধের নিমিত্তে ইস্যুকৃত রসিদটি বাতিল বলে গণ্য হবে।

- ২.২.২ তৃতীয় পক্ষের চেক মারফত ঋণ পরিশোধের ক্ষেত্রে সেই তৃতীয় পক্ষকে ক্রেডিট ইউনিয়ন বা ঋণ কর্মকর্তা ভালভাবে অবহিত না থাকলে সেই চেক গ্রহণ করা হবে না। এই শর্তে কোন চেক গ্রহণ করা হলে সেই চেক অবশ্যই চলতি সময়ের এবং ক্রেডিট ইউনিয়ন বরাবরে হতে হবে।
- ২.২.৩ পূর্বের বা আগামী তারিখের কোন চেক ঋণ আদায়ে গ্রহণযোগ্য হবে না। এধরনের ক্ষেত্রে সর্বোচ্চ ৭ (সাত) দিন আগের অথবা পরের চেকই মাত্র গ্রহণ করা যেতে পারে।
- ২.২.৪ চেক ফেরত আসা: চেক মারফত কোন ঋণ বা ঋণ কিস্তি পরিশোধ করা হলে যদি সেই চেকের অর্থ ক্রেডিট ইউনিয়নের হিসাবে জমা না হয় বা ফেরৎ আসে তবে তাৎক্ষণিকভাবে ঋণ হিসাবটির রসিদ বাতিল করা হবে এবং ঋণ গ্রহীতাকে কিস্তির সাথে পরিশোধযোগ্য সেবামূল্য যথানিয়মে পরিশোধ করতে হবে। খেলাপী হলে জরিমানাও পরিশোধ করতে হবে। কোন চেক ফেরৎ এলে এবিষয়ে ঋণ কর্মকর্তা দুই দিনের মধ্যে চেক প্রদানকারীকে ক্রেডিট ইউনিয়নের পাওনা টাকা পরিশোধের লিখিত নোটিশ দিবেন। লিখিত নোটিশ প্রদানের দুই থেকে তিন দিনের মধ্যে ক্রেডিট ইউনিয়নের প্রাপ্য পরিশোধ করা না হলে ঋণ গ্রহীতা বা চেক দাতার বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহণ করা হবে। একবার চেকের টাকা না পাওয়া গেলে পুনরায় উক্ত ঋণগ্রহীতার চেক মারফত ঋণ পরিশোধ গ্রহণ করা হবে না।

২.৩ দ্রব্য বা সেবার মাধ্যমে ঋণ পরিশোধ

- ২.৩.১ ক্রেডিট ইউনিয়নের পক্ষ থেকে ঋণের কিস্তির জন্যে কোন পণ্য গ্রহণ করা উচিত নয়। কোন সদস্য পণ্যের মাধ্যমে কিস্তি পরিশোধের বিনিময়ে ঋণ চাইতে এলে তাকে তার পণ্য বিক্রয় করে নগদে ঋণ পরিশোধ ব্যতীত ঋণ দেওয়া হয়না বলে জানিয়ে দিতে হবে। তবে কোন খেলাপী ঋণের বিপরীতে বাধ্য হয়ে কোন দ্রব্য বা সম্পদ অধিগ্রহণ বা আয়ত্বে আনা এক্ষেত্রে প্রয়োজ্য হবে না।
- ২.৩.২ কোন বিশেষ ক্ষেত্রে দেখা যেতে পারে ঋণগ্রহীতা তার সেবা বা শ্রম বিক্রয় ব্যতীত ঋণ পরিশোধ করতে পারছে না। তবে এধরনের ব্যবস্থা নিরুৎসাহীত করাই শ্রেয়। যদি ঐ ঋণগ্রহীতার সেবা ক্রেডিট ইউনিয়নের কোন কাজেই না লাগে বা যদি কোন বিশেষ দিনে বা উৎসবে ক্রেডিট ইউনিয়ন পরিচালনায় সেই সদস্যের সেবা প্রয়োজন হয় তবেই তার সেবা বা শ্রমের বিপরীতে ঋণ কিস্তি আদায় করা যাবে। ক্রেডিট ইউনিয়নের ম্যানেজার ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনাক্রমে ঋণ পরিশোধের জন্য সংশ্লিষ্ট সদস্যের পেশা বা ব্যবসায়ের অভিজ্ঞ ও উপযুক্ত সেবা গ্রহণ করতে পারে। তবে এধরনের সেবার মূল্য অবশ্যই স্থানীয় বাজার মূল্যের সমান হতে হবে।

২.৪ ঋণ অর্থ বিতরণ প্রক্রিয়া

ঋণ বিতরণ নিম্ন বর্ণিত নির্দেশনায় পরিচালিত হবে:

- ২.৪.১ লোন অফিসার প্রস্তাবিত প্রকল্পে গৃহীত ঋণের অর্থ ঋণগ্রহীতা বা তার সহযোগীর মূলধন বিনিয়োগ পর্যালোচনা ও তদারক করবে। কোন ধরনের ভিন্নতার জন্য অনতিবিলম্বে ঋণের

কিস্তি বা বাকী কিস্তির টাকা পরিশোধ স্থগিত রাখবে এবং বিতরণকৃত ঋণ তাৎক্ষণিকভাবে পরিশোধের নির্দেশ দিবে।

- ২.৪.২ ঋণের অর্থে ক্রয়কৃত দ্রব্যের ক্রয় রসিদ বা মালিকানার সনদ ঋণ যথাযথভাবে ব্যবহারের প্রমাণ স্বরূপ ক্রেডিট ইউনিয়নের আদায়কারীর নিকট উপস্থাপন করতে হবে।
- ২.৪.৩ প্রস্তাবিত প্রকল্পে কোন তৃতীয় পক্ষের বিনিয়োগ থাকলে, ঋণ গ্রহীতাকে তৃতীয় পক্ষের বিনিয়োগের অর্থ স্বীয় নামে জমা আছে বা প্রকল্পে বিনিয়োগ হয়েছে তার প্রমাণ প্রদর্শন পূর্বক ঋণ অর্থ গ্রহণ করতে হবে। এই ক্ষেত্রে ইতিমধ্যে বিনিয়োগের রসিদ বা প্রামাণ্য দলিল ক্রেডিট ইউনিয়নের আদায়কারীর নিকট উপস্থাপন করতে হবে।
- ২.৪.৪ ঋণের জামানতের সকল দলিল, নথিপত্র ক্রেডিট ইউনিয়নের ঋণ বিভাগের কর্মকর্তার উপস্থিতিতে স্বাক্ষরিত হবে। এধরনের দলিল, নথিপত্র নোটারী পাবলিক বা সরকারের রেজিস্ট্রি কর্তৃপক্ষের নিকট রেজিস্ট্রিকৃত হলেই ঋণের অর্থ বিতরণ করা যাবে।
- ২.৪.৫ ঋণের অর্থে কোন সরঞ্জাম বা নির্মাণ সামগ্রী ক্রয় করা হলে উক্ত ঋণের অর্থ ক্রেডিট ইউনিয়ন চাইলে ঋণগ্রহীতা ও সরবরাহকারী যৌথ বরাবরে অথবা সরাসরি সরবরাহকারীর দেওয়া যাবে।

২.৫ ঋণের সুদ বা সেবামূল্য

সকল ঋণ বাজারের বাণিজ্যিক ব্যাংকের সুদ বা সেবামূল্যের সঙ্গে তুলনামূলক হতে হবে। তবে পরিচালনা ব্যয় বাদ দিয়ে পর্যাপ্ত মুনাফা নিশ্চিত হওয়া বাঞ্ছনীয়। কারণ:

- * ঋণের যথাযথ সেবামূল্য ক্রেডিট ইউনিয়নের মুনাফা নিশ্চিত করে;
- * ঋণের কিস্তি যথানিয়মে পরিশোধ করা হলে সেবামূল্য অবশিষ্ট ঋণ স্থিতির উপর ধার্য করা হয়।

২.৬ ঋণের সার্ভিস ফি

ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত তবে কোনক্রমেই মোট ঋণের ২% এর অধিক হবে না এমন সার্ভিস ফি আদায় করা যাবে। এই অর্থ হতে ঋণ প্রক্রিয়ার সকল ব্যয় সংকুলান করা হবে। তবে এই অর্থ ঋণের আইনী দলিলায়ন, নোটারী পাবলিক বা রেজিস্ট্রি খাতে ব্যয় অন্তর্ভুক্ত নয়। পুনর্নির্ধারিত বা সময় বর্ধিত ঋণের ক্ষেত্রেও এই হারে সার্ভিস ফি আদায় করা হবে। তবে কোন ঋণের সার্ভিস ফি মওকুফের ক্ষেত্রে ম্যানেজারের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে।

২.৭ জরিমানা

- ২.৭.১ ঋণ কিস্তি খেলাপীর প্রথম দিন হতেই জরিমানা ধার্য করা হবে;
- ২.৭.২ কোন গ্রেস সময় দেওয়া হলে, গ্রেস সময়ের পরদিন হতে জরিমানা হিসেব করতে হবে;
- ২.৭.৩ প্রতি কিস্তি খেলাপীর জন্য আদায়যোগ্য সুদের ৫০% হারে জরিমানা ধার্য করা হবে, যা কোনক্রমেই সার্ভিস ফির কম হবে না;
- ২.৭.৪ ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তে ম্যানেজার জরিমানা মওকুফ করতে পারবে।

২.৮ খেলাপী ঋণ

বিতরণের পূর্বে ঋণগ্রহীতার সম্মতিতে নির্ধারিত কিস্তি ও মেয়াদে সকল ঋণ পরিশোধযোগ্য। ঋণের কোন কিস্তি যথাসময়ে পরিশোধ করা না হলে ঋণটি খেলাপী হিসেবে গণ্য হবে। এধরনের খেলাপী ঋণের (যদি প্রমিসারী নোটে ভিন্ন কিছু বলা না থাকে) সমুদয় বকেয়া অর্থ খেলাপী হিসেবে গণ্য হবে এবং তৎক্ষণাৎ আদায়ের ব্যবস্থা নিতে হবে।

ঋণদান প্রক্রিয়া

উদ্দেশ্য

ক্রেডিট ইউনিয়ন ব্যবস্থাপনাকে কার্যকর এবং ঋণ পরিশোধের ক্ষমতাভিত্তিক ঋণদান কার্যক্রম পরিচালনায় দিক নির্দেশনার সহায়তার জন্য এই নীতিমালা বিশেষভাবে প্রযোজ্য।

১। ঋণ আবেদন পর্যায়ে

- ১.১ ঋণ আবেদনকারী সর্বপ্রথম ঋণের জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র যথাযথ নথিপত্র ও তথ্যসহ যেমন- পরিচিতি, সদস্যপদের পাশবহি, প্রস্তাবিত জামানত ও মালিকানার প্রমাণক দলিলপত্রের ফটোকপিসহ লোন অফিসারের বরাবরে জমা দিবেন।
- ১.২ লোন অফিসার প্রথমত ঋণ আবেদনপত্রের প্রয়োজনীয় পরিসংখ্যান ও তথ্যাবলীর সংযোজন নিশ্চিত করে আবেদনকারীর স্বাক্ষর, সদস্যের ঋণ গ্রহণের যোগ্যতা ও সাথে উপস্থাপিত দলিলপত্রের এবং আবেদনকৃত ঋণের পরিমাণ, ঋণের যৌক্তিকতা, যথার্থতা ও শর্তাবলী পর্যালোচনা করবে। এসময়ে লোন অফিসার ঋণ আবেদনকারী সদস্যকে ঋণের উদ্দেশ্য, ঋণ বিতরণের পর পরিশোধের শর্তাবলী বিষয়ে পরামর্শ দিবেন।
- ১.৩ ঋণ আবেদনকারীর সাথে আলোচনার ভিত্তিতে লোন অফিসার আবেদনকারীর নগদ অর্থের প্রাপ্যতা ও পরিশোধ ক্ষমতার ভিত্তিতে আবেদনকৃত ঋণের কিস্তি নির্ধারণ প্রস্তাব প্রস্তুত করবেন। প্রস্তাবিত কিস্তি পরিমাণ সম্পর্কে লোন অফিসার ঋণ আবেদনকারীর সম্মতি নিয়ে ঋণ পরিশোধের কিস্তি তালিকা চূড়ান্ত করবেন।
- ১.৪ ঋণ আবেদনপত্রের তথ্যাবলী ও প্রাপ্ত পরিসংখ্যান প্রথমত লোন অফিসার বিশ্লেষণ করে প্রতিবেদন প্রস্তুত করে তাতে স্বাক্ষর করবেন। এধরনের বিশ্লেষণ প্রতিবেদনে যেসব তথ্য সন্নিবেশিত হবে সেগুলো হলো:
 - * ঋণ আবেদনকারীর ক্রেডিট ইউনিয়নের ঋণ নীতিমালা মেনে চলার এবং তা পরিপালনের ইচ্ছা, জ্ঞান ও অঙ্গীকার;
 - * ঋণের পরিমাণ;
 - * প্রদেয় জামানতের দলিলপত্র ও মূল্যমান বিশ্লেষণ;
 - * দৈর্ঘ্য 'C' বিশ্লেষণ: ক্ষমতা (Capacity), চরিত্র (Character), আর্থিক অবস্থা (Condition), জামানত (Collecteral) এবং মূলধন (Capital)
 - * ঋণ আবেদনপত্রে প্রাপ্ত তথ্য অনুযায়ী ঋণ কর্মকর্তার ব্যক্তিগত প্রাথমিক মূল্যায়ন ও মতামত।

১.৫ ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপনা কমিটির সদস্য, কর্মকর্তা, স্টাফ এবং সংশ্লিষ্ট আত্মীয় পরিজনের ঋণ আবেদনপত্রসহ সকল আবেদনপত্রে উপরোল্লিখিত পদ্ধতিতে বিশ্লেষণের জন্য নিম্ন বর্ণিত দলিলপত্র সংযুক্ত করতে হবে:

- * ঋণ আবেদনপত্র (সংযোজনী-১);
- * ঋণ পরিশোধে নির্ধারিত কিস্তি তালিকা (সংযোজনী-২);
- * আয় ও ব্যয়ের তালিকা (সংযোজনী-৩);
- * প্রস্তাবিত বিনিয়োগের সার্বিক চিত্র এবং লাভ-ক্ষতির বিবরণী (সংযোজনী-৪);
- * সম্পদ ও দায়-দেনার বিবরণী (সংযোজনী-৫);
- * আবেদনকারীর আত্মমূল্যায়ন ফরম (সংযোজনী-৬)।

উল্লেখিত এসব দলিল ও নথিপত্র ঋণ আবেদনকারীর নথিতে অন্তর্ভুক্ত থাকবে। তবে লোন অফিসার ঋণ আবেদনকারীকে আবেদনের সঙ্গে যেকোন মিথ্যা বিবৃতি বা বিবরণী প্রদান হতে বিরত থাকতে এই মর্মে সতর্ক করবেন যে, যেকোন মিথ্যা তথ্য বা ঘোষণার জন্য ঋণ আবেদন বাতিল হয়ে যাবে।

২। ঋণের তথ্যানুসন্ধান

২.১ ঋণ আবেদন প্রস্তুতের পর আবেদনকারী বা জামিনদারকে অবশ্যই নিঃশর্তে বিভিন্ন তথ্য অনুসন্धानে প্রশ্নের মুখোমুখি হতে হবে। অনুসন্ধানকারী নিজস্ব প্রক্রিয়ায় ঋণ আবেদনকারী বা জামিনদারের বাড়ি, ব্যবসাস্থল অথবা কর্মস্থল পরিদর্শন করে অনুসন্ধান চালিয়ে ঋণ আবেদনপত্রে বর্ণিত তথ্যাবলীর সত্যতা, ঋণ গ্রহণের যোগ্যতা, ঋণের খাত, ঋণ পরিশোধের ক্ষমতা ও আর্থিক অবস্থার বিষয়ে অনুসন্ধান করবেন। এধরনের অনুসন্धानে ঋণ আবেদনকারী, জামিনদারদের বিনিয়োগ তহবিলের উৎস, প্রকল্পের ব্যয় বাজেট, আয় ও ব্যয় প্রাক্কলন প্রভৃতি (সংযোজনী-৩)-এ অন্তর্ভুক্ত থাকবে।

২.২ ঋণ বিষয়ক অনুসন্धानে আরো যে সকল বিষয় অন্তর্ভুক্ত থাকবে:

- * আবেদনকারী, জামিনদারদের ক্রেডিট ইউনিয়ন হতে গৃহীত পূর্বের ঋণ পরিশোধের চাল-চিত্র;
- * আবেদনকারী, জামিনদারদের অন্যান্য সূত্র হতে গৃহীত ঋণ বা বাকীতে কেনা পণ্যাদির মূল্য পরিশোধ, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব বা ব্যাংক হতে গৃহীত ঋণ পরিশোধের চাল-চিত্র;
- * ঋণ আবেদনকারীর কর্মক্ষেত্রে সহকর্মী বা নিয়োগকর্তার সাথে সম্পর্ক;
- * সহযোগী ঋণ আবেদনকারী, জামিনদারের আর্থিক অবস্থা;
- * জামানতকৃত সম্পদ মূল্যায়ন ফরম(সংযোজনী-৭)-এ প্রস্তাবিত জামানতকৃত সম্পদের সার্বিক বিশ্লেষণ।

২.৩ উল্লেখিত এই অনুসন্ধান আবেদন দাখিলের সর্বোচ্চ দুই দিনে সম্পন্ন করতে হবে। এধরনের অনুসন্ধান অভিজ্ঞ ও প্রশিক্ষণ প্রাপ্ত পেশাদার ব্যক্তি দিয়ে সম্পাদন করা শ্রেয় এবং সামগ্রিক অনুসন্ধান চিত্র ঋণ আবেদনকারীর নথিতে অন্তর্ভুক্ত থাকবে।

৩। ঋণ মূল্যায়ন

৩.১ লোন অফিসারের নিকট অপরাপর সকল অনুসন্ধানের সার্বিক তথ্যাবলী ঋণ আবেদনপত্রের সঙ্গে পেশ করা হলে তিনি ঋণ আবেদনকারী, জামিনদারদের সকল তথ্যাবলী পর্যালোচনা পূর্বক ঋণ পাওয়ার

যোগ্যতা ফরম (সংযোজনী-৮) ঋণ প্রাপ্তির মানদন্ডের (score) নির্দেশিত পদ্ধতিতে মান নির্ণয় করে ঋণ আবেদন নথি ম্যানেজারের নিকট পেশ করবেন।

- ৩.২ লোন অফিসার ঋণ নথিতে ঋণ মঞ্জুর বা না-মঞ্জুর বিষয়ে সুস্পষ্ট মন্তব্য ও সুপারিশ উল্লেখ করবেন এবং যথাস্থানে স্বাক্ষর করে ম্যানেজারের কাছে পেশ করবেন। ম্যানেজার ঋণ মঞ্জুর বা না-মঞ্জুরের কারণ সুনির্দিষ্টভাবে উল্লেখ করে ঋণ কমিটির নিকট পেশ করবেন।
- ৩.৩ ঋণ আবেদনের অনুসন্ধান এবং ঋণ প্রাপ্তির মানদন্ডের নিরিখে মান নিরূপন করে ঋণ নথিটি প্রয়োজনে ম্যানেজারের পুনঃমূল্যায়নের জন্য পেশ করা যেতে পারে। যদি অন্য কোন অনুসন্ধান করার বাকী না থাকে তবে উক্ত ঋণ নথিটি ম্যানেজারের অনুমোদনের পর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য হিসাব বিভাগে প্রেরণ করা হবে।
- ৩.৪। ম্যানেজার পর্যায়ে মঞ্জুরযোগ্য ঋণ যথাযথভাবে পর্যালোচনা করে ঋণের আবেদনপত্রটি ম্যানেজারের মন্তব্য ও সুপারিশসহ লোন অফিসারের কাছে প্রেরণ করা হবে। ঋণ মঞ্জুর অনুমোদন না হওয়ার ক্ষেত্রে ঋণ আবেদনকারী, জামিনদারের সাথে লোন অফিসার অথবা ম্যানেজার সরাসরি আলোচনায় মিলিত হয়ে কারণ বা ত্রুটিসমূহ ব্যাখ্যা করবেন।
- ৩.৫ ম্যানেজারের মূল্যায়নে যেসব ঋণ অনুমোদনযোগ্য বা ম্যানেজারের অনুমোদন ক্ষমতার অতিরিক্ত পরিমাণের ঋণ আবেদনপত্র আরও মূল্যায়নের জন্য ঋণ কমিটির নিকট প্রেরণ করা হবে।
- ৩.৬ ঋণদান কমিটির মূল্যায়নে যথার্থ প্রমাণিত এবং ঋণ কমিটির অনুমোদন ক্ষমতার অন্তর্ভুক্ত ঋণ কমিটির অনুমোদনের পর নথিটি ঋণ বিতরণের ভাউচার ও চেক প্রস্তুতের জন্য হিসাব বিভাগে প্রেরণ করা হবে। যেসব ঋণ আবেদন ঋণ কমিটির পুনঃমূল্যায়নে যথার্থ প্রমাণিত না হবে ত্রেসকল ঋণ, ঋণ কমিটির চেয়ারম্যানের স্বাক্ষরে নথি ও মূল্যায়ন ফরমসহ লোন অফিসারের কাছে না-মঞ্জুরের কারণ বা কোন বিষয় সংশোধনের সুনির্দিষ্ট মন্তব্যযুক্ত হতে হবে।
- ৩.৭ ঋণদান কমিটি কর্তৃক সুপারিশকৃত কিন্তু ঋণ কমিটির মঞ্জুরের ক্ষমতার অতিরিক্ত পরিমাণের ঋণ আবেদন প্রয়োজনীয় মূল্যায়ন ও অনুমোদনের জন্য ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপনা কমিটির কাছে উপস্থাপন করা হবে।
- ৩.৮ ঋণ কমিটি ঋণ মঞ্জুর বা সুপারিশের জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে ঋণ আবেদনকারী সদস্যদের নাম, মঞ্জুরীকৃত সুপারিশকৃত ঋণের পরিমাণ উল্লেখ করে একটি তালিকা ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের জন্য পেশ করবে।
- ৩.৯ ঋণদান কমিটির সদস্য, ব্যবস্থাপনা কমিটির সদস্য বা লোন অফিসার ঋণ আবেদনকারীর সঙ্গে আত্মীয়তার সম্পর্কিত হলে সংশ্লিষ্ট ঋণ মঞ্জুর ও বিতরণ প্রক্রিয়া হতে তিনি বিরত থাকবেন।

৪। জামানতকৃত সম্পদ মূল্যায়ন

- ৪.১ ঋণের জামানতের জন্য প্রস্তাবিত এবং গ্রহণযোগ্য দ্রব্যাদি ও সম্পদ যথাযথভাবে পরিদর্শন ও মূল্যায়ন করতে হবে;

- ৪.২ জামানতকৃত সম্পদ ক্রেডিট ইউনিয়নের নিজস্ব প্রশিক্ষণপ্রাপ্ত, অভিজ্ঞ ও দক্ষ মূল্যায়নকারী দিয়ে অথবা বৃহৎ অংকের ঋণের ক্ষেত্রে খ্যাতিসম্পন্ন সম্পদ মূল্যায়নকারী কোম্পানী দিয়ে মূল্যায়ন করতে হবে।
- ৪.৩ বৃহৎ অংকের ঋণের জন্য প্রদেয় ভূ-সম্পদ জামানতের ক্ষেত্রে ক্রেডিট ইউনিয়ন বহির্ভূত মূল্যায়ন কোম্পানী দিয়ে জামানতকৃত সম্পত্তির মূল্যায়ন ও তথ্য বিশ্লেষণ করতে হবে। তবে স্বল্প পরিমাণ ঋণের জামানতকৃত সম্পত্তি ক্রেডিট ইউনিয়নে এবিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মী দিয়ে মূল্যায়ন করে ব্যয় কমানো যাবে।
- ৪.৪ যেকোন পরিস্থিতিতে ভূ-সম্পদ বা স্থাবর সম্পত্তি জামানতের মূল্যায়নকৃত মূল্যমানের সর্বোচ্চ ৭৫% এবং অস্থাবর সম্পদের মূল্যায়নকৃত মূল্যমানের সর্বোচ্চ ৫০% পর্যন্ত এবং সর্বোচ্চ ৩ (তিন) বছরের অধিক নয় এমন মেয়াদে ঋণের জামানত হিসেবে গ্রহণ করা হবে।

৫। ঋণের অর্থ পরিশোধ

- ৫.১ ক্রেডিট ইউনিয়নের ম্যানেজার, ঋণদান কমিটি বা ব্যবস্থাপনা কমিটি ক্ষমতানুযায়ী ঋণ আবেদন অনুমোদন করবে। অনুমোদনের সীমা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কোন ঋণ বিতরণ করা যাবে না। ম্যানেজারের নিকট সকল অনুমোদিত ঋণের একটি তালিকা থাকতে হবে।
- ৫.২ হিসাব বিভাগ ঋণ বিতরণের দলিলপত্র প্রস্তুত করে ম্যানেজারের স্বাক্ষরের জন্য পেশ করবে। ঋণের দলিলপত্রে ম্যানেজারের স্বাক্ষরের পর উক্ত নথি লোন অফিসারের কাছে দলিলপত্র ও নথি যথাযথভাবে পূরণ ও পর্যালোচনার জন্য প্রেরণ করা হবে। এরপর লোন অফিসার ঋণ বিতরণের জন্য ঋণের আইনী দলিলপত্র নোটারী পাবলিক অথবা রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের মাধ্যমে রেজিস্ট্রেশন করিয়ে ক্রেডিট ইউনিয়নে জমা দিবেন।
- ৫.৩ ক্রেডিট ইউনিয়নের ক্যাশিয়ার লোন অফিসারের প্রস্তুতকৃত ঋণ বিতরণ ভাউচারে এবং ঋণ পরিশোধের কিস্তি তালিকায় ঋণগ্রহীতার স্বাক্ষরে ঋণের অর্থ প্রদান করবেন। ঋণ বিতরণের ক্ষেত্রে সর্বদা জরুরী ঋণ অগ্রাধিকার পাবে। সকল ঋণ বিতরণকালে ঋণগ্রহীতাকে ঋণ পরিশোধের কিস্তি তালিকা, প্রমিসারী নোট এবং অন্যান্য গুরুত্বপূর্ণ দলিলপত্রের এক কপি প্রদান করা হবে।
- ৫.৪ ক্যাশিয়ার ঋণ বিতরণের ভাউচারের একটি কপি ঋণ বিতরণের প্রামাণ্য দলিল হিসেবে সংরক্ষণের জন্য লোন অফিসারের কাছে প্রেরণ করবেন। ঋণ বিতরণের ভাউচারের আর একটি কপি সদস্যের ব্যক্তিগত খতিয়ানে লিপিবদ্ধকারী কারণিকের কাছে দিতে হবে এবং কারণিক সদস্যের ব্যক্তিগত খতিয়ান ও অন্যান্য হিসাব বহিতে তা লিপিবদ্ধ করবেন।
- ৫.৫ ঋণের অর্থে ক্রয়কৃত দ্রব্যাদির মালিকানা বিষয়ক সনদ, মূল্যবান নথিপত্র, ব্যক্তিগত ভূ-সম্পদ বা অন্যান্য জামানতের মালিকানার দলিলপত্র ক্রেডিট ইউনিয়নের নিরাপত্তা ভোল্টে এবং অন্যান্য সকল দলিল ও নথি সংশ্লিষ্ট সদস্যের ব্যক্তিগত ঋণ নথিতে সংরক্ষিত থাকবে।
- ৫.৬ ঋণ নথিতে জামানতকৃত সম্পদের তালিকা, রেজিস্ট্রেশন নম্বর, ঋণ বিতরণের প্রামাণ্য নথিপত্র ও অন্যান্য সকল দলিলপত্র সংরক্ষিত থাকবে।

৬। ঋণ তদারকি

- ৬.১ ঋণ কর্মকর্তা ঋণ বিতরণের পর পরই আদায়কারীর মাধ্যমে প্রস্তাবিত খাতে ঋণের ব্যবহার সম্বন্ধে নিশ্চিত হবেন। আদায়কারী প্রত্যেক ঋণগ্রহীতার কাছে গিয়ে ঋণ আবেদনে বর্ণিত প্রস্তাবিত খাতে বিনিয়োগ বিষয়ে সংযোজনী-৬ এর উল্লেখিত তথ্য সংগ্রহ করবেন। আদায়কারীকে ঋণের অর্থে ক্রয়কৃত দ্রব্যাদির ক্রয় রসিদ অথবা দ্রব্যাদির বাস্তব অবস্থান ও তালিকা সম্বন্ধে নিশ্চিত হতে হবে। ঋণের অর্থ যথাযথভাবে বিনিয়োগের তদারকি ও মূল্যায়নের অন্যতম আরো একটি প্রক্রিয়া হলো সংযোজনী-৯ অনুসারে ঋণগ্রহীতা সদস্যের সংশ্লিষ্ট ব্যবসার বিভিন্ন তথ্যাবলী সংগ্রহ ও মূল্যায়ন।
- ৬.২ ঋণ কর্মকর্তা সংযোজনী-ক অনুসারে সাপ্তাহিক ঋণ আদায় লক্ষ্যমাত্রা তদারক করতে পারেন। বিভিন্ন এলাকা ও আদায়ের তারিখ সম্বলিত এই ফরমের ভিত্তিতে আদায়কারী অগ্রাধিকার ভিত্তিতে সংশ্লিষ্ট আদায় সম্পাদন করতে সক্ষম হবেন। মাঠ পর্যায়ের আদায়ের জন্য ক্রেডিট ইউনিয়নের পক্ষ থেকে অস্থায়ী আদায় রসিদ প্রদান করা যেতে পারে।
- ৬.৩ সকল আদায় সংযোজনী-ক তালিকায় লিপিবদ্ধ করে আদায়কারীগণ প্রতিদিন বা সপ্তাহে ক্রেডিট ইউনিয়নে জমা করবে।
- ৬.৪ প্রতি সপ্তাহ শেষে সংযোজনী-ক তালিকা হতে খেলাপী ঋণ চিহ্নিত করা সহজ হবে। এধরনের খেলাপী ঋণের একটি তালিকা প্রস্তুত করে ঋণ বিভাগের কারণিকের কাছে পেশ করতে হবে। ঋণ বিভাগের কারণিক তাৎক্ষণিকভাবে বকেয়া ঋণের প্রদেয় জরিমানা ও সুদ হিসাব কষে পরবর্তী সপ্তাহের আদায়ের জন্য নির্দিষ্ট লক্ষ্যমাত্রার সাথে সংযোজন করে দিবেন।
- ৬.৫ লোন অফিসার মাসিক ভিত্তিতে সকল বিতরণকৃত ঋণের জন্য সংযোজনী-গ ফরম অনুযায়ী একটি তালিকা সংরক্ষণ করবেন। যা পরবর্তীতে ত্রৈমাসিক, ষান্মাসিক বা বার্ষিক পর্যায়ের প্রতিবেদনে সংযোজন করে ম্যানেজারের নিকট পেশ করবেন। এধরনের তালিকা ঋণ তদারকি এবং আর্থিক প্রতিবেদন প্রস্তুতকালে সহযোগী দলিল হিসেবে ব্যবহৃত হতে পারে।
- ৬.৬ ক্রেডিট ইউনিয়নের ঋণদান কমিটি নির্দিষ্ট মেয়াদান্তে ম্যানেজার কর্তৃক প্রস্তুত সকল ঋণের, বিশেষতঃ খেলাপী ঋণের প্রতিবেদন পর্যালোচনা করবে। ম্যানেজার নিয়মিতভাবে প্রতিটি খেলাপী ঋণের পর্যালোচনা ও মূল্যায়ন প্রতিবেদন ঋণদান কমিটিকে প্রদান করবে। ঋণদান কমিটি খেলাপী ঋণের জন্য প্রয়োজনে সখিগতি সংরক্ষণের সুপারিশ করবে।

ঋণের দলিলায়ন

উদ্দেশ্য

এই নীতিমালার মাধ্যমে ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপনা বিতরণযোগ্য সকল ঋণের জন্য যথাযথ দলিলায়নে সক্ষম হবে।

১। সাধারণ শর্তাবলী

- ১.১। ঋণের সকল তথ্যাবলী ও নথিপত্র ঋণ চলমান অবস্থায় এবং যতদিন প্রয়োজন ততদিন সংরক্ষণ করতে হবে।
- ১.২। ঋণের নথিপত্র সদস্যদের গোপনীয় তথ্যাবলী বা দলিল। বিধায় প্রয়োজনীয় গোপনীয়তা, সাবধানতা ও নিয়ন্ত্রণের সাথে এসব দলিলপত্র সংরক্ষণ করতে হবে।
- ১.৩। ঋণের নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ ক্রেডিট ইউনিয়নের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। এর মাধ্যমে ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপনায়, বিশেষত ঋণ ব্যবস্থাপনায় সহজ তথ্য সরবরাহ সম্ভব হয়।

২। ঋণ অনুমোদনের পূর্বে প্রদেয় নথিপত্র

- ২.১। ঋণ আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত ও যথাযথভাবে পূরণকৃত ঋণ আবেদনপত্র।
- ২.২। ঋণ অর্থে বাস্তবায়নযোগ্য প্রস্তাবিত প্রকল্পের বিবরণী।
- ২.৩। প্রস্তাবিত প্রকল্পের পূর্ববর্তী অডিটকৃত আর্থিক বিবরণী।
- ২.৪। ইনকাম ট্যাক্স রিটার্ন।
- ২.৫। পূর্বঋণ পরিশোধের রেকর্ডপত্র।
- ২.৬। ঋণ অনুসন্ধান রিপোর্ট।
- ২.৭। আয়ের প্রমাণক তথ্যাদি।
- ২.৮। জামানতের দলিল ও নথিপত্র।
- ২.৯। জামানত মূল্যায়ন প্রতিবেদন।
- ২.১০। ঋণ আবেদনকারী সদস্যের সাথে আলোচনার ফলাফলের ভিত্তিতে লোন অফিসারের রিপোর্ট।
- ২.১১। লোন অফিসার ও ম্যানেজারের মূল্যায়ন রিপোর্ট।
- ২.১২। লোন অফিসার ও ম্যানেজারের সুনির্দিষ্ট সুপারিশ।

২.১৩। ক্রেডিট কমিটি অথবা ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত।

২.১৪। পূর্বে ঋণ খেলাপী না হওয়ার সনদ।

২.১৫। অন্যান্য কাগজপত্র, যা সংশ্লিষ্ট ঋণের জন্য ক্রেডিট ইউনিয়ন প্রয়োজ বোধ করে।

৩। ঋণ অনুমোদনের পর প্রয়োজনীয় দলিল ও নথিপত্র

৩.১। ঋণ পরিশোধের কিস্তি তালিকা।

৩.২। ঋণ চুক্তিপত্র।

৩.৩। জামানতের আইনী দলিলপত্র।

৩.৪। প্রমিসারী নোট।

৩.৫। বিভিন্ন বিষয়ে ক্ষমতা প্রদানের অঙ্গীকারনামা।

৩.৬। স্থাবর, অস্থাবর সম্পদের রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিল।

৩.৭। অন্যান্য কাগজ-পত্র যা সংশ্লিষ্ট ঋণের জন্য ক্রেডিট ইউনিয়নের প্রয়োজন হবে।

আবেদনকৃত ঋণের তথ্যানুসন্ধান প্রক্রিয়া

উদ্দেশ্য

আবেদনকৃত ঋণ কখনও ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কর্মী-কর্মীদের যথাযথ পর্যালোচনার সহায়ক হিসেবে এই নীতিমালা ব্যবহৃত হবে।

১। মাঠ পর্যায়ে তথ্যানুসন্ধান

ঋণের সকল আবেদন নিবিড় অনুসন্ধানের মাধ্যমে আবেদনকারী বা জামিনদারদের (যদি থাকে) ঋণ আবেদনের বিশ্বাসযোগ্যতা যাচাই করে দেখতে হবে। সকল ঋণ আবেদনকারী সদস্যের ব্যক্তিগত নথিতে আবেদনকৃত ঋণের যাচাই-বাছাইয়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন সংযুক্ত থাকবে। লোন অফিসার ঋণ আবেদনকারী বা জামিনদারের (যদি থাকে) ঋণ আবেদনপত্রের সমুদয় তথ্যাবলী সংগ্রহ করবেন। যেসব তথ্য বিশেষভাবে পর্যালোচনা হওয়া প্রয়োজন:

- * ঋণ আবেদনকারী, জামিনদারের নাম, পিতা বা স্বামীর নাম ও ঠিকানা (স্থায়ী ও বর্তমান);
- * বিগত সময়ে গৃহীত ঋণের পরিমাণ এবং স্থিতি;
- * নিয়োগকর্তার নাম বা নিজস্ব ব্যবসায়-এর নাম, ঠিকানা ও পদবী;
- * মাসিক সর্বমোট আয়ের প্রাক্কলন;
- * গৃহীত ঋণের প্রকল্পের ধরন, বর্ণনা ও লাভজনক অবস্থানের ব্যাখ্যা;
- * প্রস্তাবিত প্রকল্পের মোট ব্যয়ের প্রাক্কলন;
- * প্রকল্পের সম্ভাব্য উদ্বৃত্ত আয়ের হার ও আয়ের সময়কাল;

লোন অফিসার ঋণ আবেদনকারীর প্রদত্ত উপরোক্ত তথ্যাবলী ঋণ অনুসন্ধানকারীকে সরবরাহ করবে এবং অনুসন্ধানকারী সেই আলোকে অনুসন্ধান প্রতিবেদন প্রস্তুত করবে। লোন অফিসার অনুসন্ধানকারীর প্রতিবেদন যথাযথভাবে যাচাই করে ঋণ অনুমোদন ও বিতরণের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।

২। ঋণ অনুসন্ধানের বিবেচ্য বিষয়

ঋণ অনুমোদনের জন্য ৫ (পাঁচ)টি 'C' যথা Capacity (ঋণ পরিশোধের ক্ষমতা), Character (চরিত্র), Capital (মূলধন), Collecteral (জামানত), এবং Condition (শর্তাবলী) প্রভৃতি ঋণদানের যাচাই ফরমে মূল্যায়ন পরিমাপ করতে হবে।

২.১। ঋণ পরিশোধের ক্ষমতা (Capacity): ঋণ আবেদনকারীর পূর্বের ঋণ চুক্তি ও শর্ত মোতাবেক পরিশোধের ক্ষমতার রেকর্ড পর্যালোচনা যেমন- কিস্তির পরিমাণ ও কিস্তির সময়কাল অন্যতম। ঋণ বিনিয়োগের প্রস্তাবিত প্রকল্পে ঋণ আবেদনকারীর মোট উদ্বৃত্ত আয় ঋণ পরিশোধের গুরুত্বপূর্ণ একটি বিবেচ্য বিষয়। তবে মূল বিবেচ্য বিষয় হলো ঋণ আবেদনকারীর নগদ অথবা অন্তর্মুখী প্রবাহ যা

দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক বা মাসিক ভিত্তিতে প্রাক্কলন করে সেই ভিত্তিতে ঋণ পরিশোধের কিস্তি নির্ধারিত হতে হবে।

তবে ঋণ পরিশোধের কিস্তি ত্রৈমাসিক, ষাম্মাসিক বা বার্ষিক হলে মাসিক ভিত্তিতে ঋণের সুদ আদায় করা আবশ্যিক। কারণ দীর্ঘ কিস্তিতে ঋণের আসল ও সুদ একত্রে বিপুল অংকে পরিণত হলে তা পরিশোধ ঋণ আবেদনকারীর জন্য অতিরিক্ত বোঝা হয়ে দাঁড়াবে। ঋণ আবেদনকারীর ঋণ পরিশোধের ক্ষমতা Capacity মূল্যায়নে নিম্নের বিষয় মূল্যায়ন হওয়া প্রয়োজন:

- * ঋণের দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, ষাম্মাসিক, বার্ষিক কিস্তির পরিমাণ;
- * ঋণ আবেদনকারী, জামিনদারের (যদি থাকে) অত্র ক্রেডিট ইউনিয়ন ব্যতীত অন্যান্য সূত্র হতে গৃহীত ঋণের বিস্তারিত তথ্য;
- * ঋণ আবেদনকারীর শেয়ার, সঞ্চয় ও অন্যান্য স্থানান্তরযোগ্য সম্পদের মূল্যমান;
- * নিয়মিতভাবে সঞ্চয় ও শেয়ার জমার তথ্য ও মোট স্থিতি;
- * পূর্বে অত্র ক্রেডিট ইউনিয়ন, স্থানীয় বাজার, আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধব বা অন্যান্য সূত্র হতে গৃহীত ঋণ পরিশোধের রেকর্ড ইত্যাদি।

২.২। চরিত্র (Character): ঋণ আবেদনকারী, জামিনদারের (যদি থাকে) বাসস্থান এলাকা, প্রতিবেশী বা অন্য প্রতিষ্ঠানে সদস্য হলে সেই প্রতিষ্ঠান, কর্মস্থলে বিশ্বাসযোগ্যতা, নির্ভরযোগ্যতা, নৈতিকতা, ব্যক্তিগত সততা, লেনদেন অভ্যাস, সুনাম পর্যালোচনা ও যাচাই করতে হবে। ঋণ আবেদনকারীর আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব পর্যায়েও অনুসন্ধান করা আবশ্যিক। এছাড়া Character বা চরিত্র বলতে ঋণ আবেদনকারীর বিনিয়োগের অভ্যাস ও স্থায়িত্বের সময়সীমা অনুসন্ধান জরুরী, যা নিম্নে বর্ণিত ক্ষেত্রে আরও প্রমাণযোগ্য হবে:

- * ক্রেডিট ইউনিয়নের পূর্ব ঋণ পরিশোধে যথাযথ নিয়মতান্ত্রিকতা পরিপালন;
- * অন্যান্য প্রতিষ্ঠানে এই ব্যক্তির ঋণ পরিশোধে যথাযথ নিয়মতান্ত্রিকতা পরিপালন;
(যেমন- ভোগ্য পণ্য সরবরাহ সংস্থা, ব্যাংক, আত্মীয়-স্বজন বা বন্ধু-বান্ধব)
- * প্রতিবেশীদের মধ্যে অথবা নিয়োগকারী প্রতিষ্ঠানে সুনাম ও গ্রহণযোগ্যতা; এবং
- * নিয়মিত সঞ্চয় ও শেয়ার জমার অভ্যাস।

২.৩। মূলধন (Capital): ঋণ আবেদনকারীর ক্রেডিট ইউনিয়নে নিয়মিত সঞ্চয় ও শেয়ার জমা এবং অন্যান্য বিনিয়োগ বিষয় এই ক্ষেত্রে বিবেচ্য হবে। কারণ ক্রেডিট ইউনিয়ন বা অন্যান্য স্থানে ঋণ আবেদনকারীর সম্পদ সৃষ্টির প্রবণতা তার মূলধন সৃষ্টির ক্ষমতা ও ইচ্ছার প্রতিফলন ঘটায়।

২.৪। জামানত (Collecteral): ঋণ আবেদনকারী ঋণের বিপরীতে তার যেসব স্থাবর বা অস্থাবর সম্পদ জামানত দেওয়ার প্রস্তাব করেছে সেইসব সম্পদের অবস্থান, মূল্যমান ও গ্রহণযোগ্যতা পর্যালোচনা করতে হবে। কোন তৃতীয়পক্ষ যদি আবেদিত ঋণের জন্য এধরনের দ্রব্যাদি বা সম্পদ জামানতের প্রস্তাব করে তবে সেসব দ্রব্যাদি বা সম্পদের অবস্থান, মূল্যমান ও গ্রহণযোগ্যতা যাচাই করতে হবে। সকল ঋণ ন্যূনতম শেয়ার ও সঞ্চয় দিয়ে জামানতকৃত হওয়া বাঞ্ছনীয়। ঋণের জন্য নিম্নে বর্ণিত সম্পদ জামানত বা বন্ধক হিসেবে গ্রহণ করা যেতে পারে:

২.৪.১। ভূ-সম্পত্তি বন্ধক: ঋণের জামানত হিসেবে স্বরূপ প্রস্তাবকৃত ভূ-সম্পত্তি সতর্কতার সাথে পর্যালোচনা ও মূল্যায়ন করতে হবে। এধরনের ভূ-সম্পদের মূল্যমানের সর্বোচ্চ ৭৫% ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে নিম্নলিখিত দলিলপত্র আবেদনপত্রের সাথে জমা করতে হবে:

- * জমির মালিকানা স্বত্ব (সম্পদ প্রাপ্তির মূল দলিল, ট্যাক্স পরিশোধের সনদ, পরচা প্রভৃতি);
- * নিবন্ধন কর্তৃপক্ষের নিকট হতে সংশ্লিষ্ট জমি বন্ধক না থাকার প্রামাণ্য দলিল;
- * চলতি রাজস্ব ট্যাক্স পরিশোধের রসিদ, অথবা ট্যাক্স বাকী না থাকার সনদ;
- * সংশ্লিষ্ট জমি স্ট্যাম্প রেজিস্ট্রিকৃত বন্ধকদানের দলিল, পৌরকর পরিশোধের সনদ;
- * জমির মূল্যায়ন প্রতিবেদন (নির্ধারিত অনুমোদিত কর্তৃপক্ষের নিকট হতে);
- * মৌজার নকশা;
- * দালান-কোঠার অনুমোদিত প্ল্যান;
- * বীমা
- * ভূ-সম্পদ বন্ধকী দলিলপত্র।

২.৪.২। ব্যক্তিগত অস্থাবর সম্পত্তি: স্থানান্তরযোগ্য সম্পদ, সরঞ্জামাদি, ষ্টক মালামাল, অলংকার বা জুয়েলারী, মটরযান প্রভৃতি জামানত হিসেবে গ্রহণ করা যেতে পারে। এধরনের জামানতের মূল্যমানের সর্বোচ্চ ৫০% ঋণ মূল্যায়ন করাই শ্রেয়। অস্থাবর সম্পত্তি বন্ধক ৩ (তিন) বছরের বেশি হওয়া ঠিক নয় এবং এধরনের অস্থাবর সম্পদের বন্ধকের জন্য যেসকল দলিলপত্রের প্রয়োজন হবে সেগুলো হলো:

- * মালিকানার সনদ;
- * মালিকানার সরকারী দালিলিক প্রমাণপত্র;
- * ক্রয় দলিল রসিদ; এবং
- * জামানত প্রদানকৃত সরঞ্জাম, মেশিনপত্র বা ষ্টক মালামালের বর্তমান মূল্য উল্লেখিত বিস্তারিত তালিকা।

২.৪.৩। ব্যাংক বা ক্রেডিট ইউনিয়ন কর্তৃক অনুমোদিত ও সম্মত ঋণ আবেদনকারীর ব্যাংক বা ক্রেডিট ইউনিয়নের অর্থলগ্নীর সনদ নগদায়নের ক্ষমতায়ুক্ত রেজিস্টার্ড চুক্তিপত্র;

২.৪.৪। ক্রেডিট ইউনিয়নে গচ্ছিত শেয়ার, সঞ্চয় বা আমানত সমন্বয় করার ক্ষমতায়ুক্ত অঙ্গীকারপত্র;

২.৪.৫। বন্ধককৃত ব্যক্তিগত অস্থাবর সম্পত্তি ক্রেডিট ইউনিয়নের দায়িত্বে ব্যবহার, স্থানান্তর, বিক্রয়যোগ্য (pledge) থাকবে এই মর্মে ঘোষণাপত্র;

২.৪.৬। ঋণ আবেদনকারী সদস্য বা জামিনদার ক্রেডিট ইউনিয়নকে তাদের নিয়োগকর্তার কাছ থেকে মাসিক বেতন হতে ঋণের কিস্তি ও সুদ বা অন্যান্য পাওনা আদায়ের ক্ষমতাদান;

২.৪.৭। ঋণ আবেদনকারী এককভাবে এবং জামিনদারসহ যৌথভাবে ঋণ পরিশোধে দায়বদ্ধ। ঋণ প্রস্তাব গ্রহণের পূর্বে ঋণ প্রার্থীর ও জামিনদারের ঋণ পরিশোধের ক্ষমতা বিষয়ে নিশ্চিত হতে

হবে। একজন সদস্য এধরনের ঋণের ক্ষেত্রে একই সময়ে সর্বোচ্চ দু'টি ঋণের জামিন হতে পারবে। সকল ঋণের ক্ষেত্রে নিম্ন লিখিত দলিলপত্র প্রয়োজন হবে;

- * বন্ধকী সম্পদের বিক্রয় ক্ষমতা প্রদানের অঙ্গীকার ঘোষণাপত্র;
- * প্রমিসারী নোট;
- * ঋণ আবেদনপত্রে জামিনদারের স্বাক্ষর।

২.৪.৮। সকল ঋণের জন্য সদস্যদের জামিন স্বাক্ষরসহ আবেদনকারী ও জামিনদারের ঋণ আবেদনপত্র ও প্রমিসারী নোটে উভয়ের স্ত্রী বা স্বামীর স্বাক্ষর থাকতে হবে। ঋণটি সঞ্চয়, আমানত, মেয়াদী আমানত বা শেয়ার দ্বারা সম্পূর্ণরূপে জামিনকৃত না হলে, এই স্বাক্ষরদান লোন অফিসার বা নোটারী পাবলিকের সম্মুখে স্বাক্ষরিত হওয়া বাধ্যনীয়।

২.৪.৯। সাধারণভাবে নিজস্ব বা তৃতীয় পক্ষের জামানতকৃত সম্পদের মালিকানার সনদ ও ট্যাক্স পরিশোধ বিষয়ক হলফনামা ব্যতীত ভূ-সম্পদ ঋণের জামানত হিসেবে গ্রহণযোগ্য হতে পারে না। যেমন- সম্পত্তিটি প্রস্তুতকারকের নামে রেজিস্ট্রি হয়নি অথবা ঋণ আবেদনকারীর বন্ধক প্রস্তাবিত সম্পদের মালিকানা বিষয়ে স্থানীয় প্রতিবেশীদের সম্পত্তিটির মালিকানা সনদ বা প্রকৃত তথ্য বিষয়ে হলফনামা প্রদান না করে। এধরনের ক্ষেত্রে স্বাভাবিকভাবেই বিকল্প জামানত ছাড়া ঋণ প্রদান করা যাবে না। এসব ক্ষেত্রে দেশের সমবায় আইন ও নীতিমালা অবশ্যই পালনীয়। তবে ঋণ প্রদানে জামানতই একমাত্র বিবেচ্য বিষয় না হওয়াই সংগত। কারণ শুধুমাত্র জামানতই ঋণ খেলাপীর ঝুঁকি হ্রাস করে না। মনে রাখতে হবে জামানত ঋণ আদায়ের নূন্যতম ঝুঁকি মুক্ত করলেও সদস্যের ঋণ পরিশোধের বাস্তব ক্ষমতাই ঋণ পরিশোধের সর্বশ্রেষ্ঠ নিরাপত্তা।

২.৫। শর্তাবলী (Condition): শর্তাধীন বিষয়গুলো মূলত প্রকল্পে আর্থ-সামাজিক ও পারিপার্শ্বিক অবস্থানগত কারণে ঋণ আবেদনকারী ও প্রদত্ত ঋণ ঝুঁকির সৃষ্টি করতে পারে সেইসকল বিষয় বিবেচনায় নিতে হবে:

- * ঋণ বিনিয়োগের প্রস্তাবিত প্রকল্পের আইনগত ভিত্তি;
- * প্রস্তাবিত প্রকল্পের পারিপার্শ্বিক ও সার্বিক অবস্থানে পরিবেশগত হুমকী; এবং
- * প্রাকৃতি জলবায়ুর প্রভাবে সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগ প্রবণতায় প্রকল্পটির জন্য সহায়ক কিনা।

ঋণ আদায় ও ঋণ খেলাপী সংক্রান্ত নীতিমালা

উদ্দেশ্য

ঋণ আদায় ও ঋণ খেলাপী সংক্রান্ত এই নীতিমালা ক্রেডিট ইউনিয়নের ঋণ বিনিয়োগ এবং ঋণ আদায়ে মান সম্মত অবস্থান নিশ্চিত করার লক্ষ্যে প্রণীত।

লক্ষ্য

ঋণ আদায় ও খেলাপী ঋণ নীতিমালার মৌলিক লক্ষ্য নিম্নরূপ

- ক) ঋণ আদায়ে সংশ্লিষ্ট কর্মীদের যেকোন পরিস্থিতি, পরিবেশে অনুসরণীয় “সুস্পষ্ট দিক নির্দেশনা দান”।
- খ) ঋণ আদায় কৌশলে ব্যক্তিভেদে পার্থক্য সৃষ্টি না করা।
- গ) প্রতিটি পদক্ষেপ সদস্য ও ক্রেডিট ইউনিয়নের স্বার্থেই গৃহীত হয়েছে এমন ধারণা তৈরী করা, কারণ যাদেরকে ক্রেডিট ইউনিয়নের পক্ষ থেকে অভিযুক্ত করা হয়, তারা যেন সে অবস্থার উত্তরণ ঘটাতে পারে।
- ঘ) ক্রেডিট ইউনিয়নের পক্ষ থেকে নানাবিধ প্রচেষ্টার মাধ্যমে সদস্যকে সহায়তা করা সত্ত্বেও সদস্য যদি তাতে সাড়া না দেয়, সেক্ষেত্রে আদায় কার্যক্রম যেন তৎক্ষণাৎ জোরালো এবং আইন অনুযায়ী বিহিত করা যায়।
- ঙ) ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ঋণ আদায়ে যেন সতর্ক থাকেন যে ঋণ আদায় শুধুমাত্র ক্রেডিট ইউনিয়নের নিরাপদ ও গতিশীলতাই নিশ্চিত করবে না বরং সকল সদস্য ভাল অবস্থাতে উন্নীত হবে সে বিষয় নিশ্চিত করে।

১। আদায়ের দায়িত্ব

১.১.১। ঋণ অথবা আদায় বিভাগ সকল ধরনের আদায় কার্যক্রমকে কেন্দ্রীভূত করবে। এজন্য নিম্নলিখিত প্রক্রিয়ায় কার্য সম্পাদন করবে:

- (ক) আদায়কারীদের নিকট কাজের পরিমাণ হিসেব করে এলাকা ভিত্তিক বা সদস্য সংখ্যার ভিত্তিতে খেলাপী ঋণ আদায়ের দায়িত্ব প্রদান করতে হবে।
